प्राचीननिबन्धेष्वेतद्वचसामभावादनार्षत्वं यदुक्तं तत्परिहरति—सम्वत्सरेति प्रकटार्थम् । प्राचीन-गौड़कृते सम्वत्सरप्रदीपनाम्नि स्मार्त्त-निबन्धे गृहे भागवताभावे स्कान्दवचनैर्दोषं प्रदर्श्य कलिदोषतः पावित्र्याय कतिचिच्छ्रीभागवत-वचनानि लेख्यानीति प्रतिज्ञाय बहूनि तद्वाक्यानि तत्र लिखितानि । श्रीमध्वमुनिना चातिप्राचा तद्वाक्यानि स्वभाष्ये धृतानि । हेमाद्रिणा च प्राचा कलिधर्म्मनिर्णये 'कलिं सभाजयन्त्यार्य्या' (११।५।३६) इत्यादीनि तद्वचांस्युदाहृतानि । वोपदेवेन च मुक्ताफलहरिलीलाख्यौ निबन्धौ परमहंसप्रियाख्या टीका चास्य कृता । सच्चरितमीमांसाख्ये स्मार्त्तनिबन्धे तत्कर्त्रा विद्यानिधिभट्टाचार्य्येण च 'देवर्षि भूताप्ते' त्यादीनि (११।५।४१) तद्वचांस्युपात्तानि । लक्ष्मीधरेण भगवन्नामकौमुद्याम-नन्त-देवेन मथुरातीर्थप्रकाशे, वाचस्पतिना भक्तिप्रकाशे, मधुसूदनेन च भक्तिरसायने तद्वचनानि उपन्यस्तानि । विष्णुपुरी-नाम्ना यतीशेन तद्वाक्यैरेव भक्तिरत्नावली निबन्धो व्यधायि । तथाप्ययदीक्षितेन शिवतत्त्व-विवेके 'कर्णौ पिधाय निरियात्' इत्यादिकं (४।४।१७) तद्वाक्यमलेखि ।

निर्णयसिन्धौ च वामनजयन्ती-निर्णये 'श्रोणायां श्रवणद्वादश्याम्' इत्यादि-(८।१८।४) तद्वाक्यं प्रमाणितं। भट्टोजिदीक्षितेन च चतुर्विंशतिमत-व्याख्यायां तर्पणोत्तरे पूजानिर्णये 'मूर्त्याभिमतयात्मनः' इत्यादि (११।३।४८) तद्वाक्यमलेखि। भगवद्भास्करे श्राद्धमयूखे 'न दद्यादामिषं श्राद्धे' (७।१५।७) इत्यादिकमामिष-निषेधकमुदाहृतम्। एवं दिनकरोद्योता-दिष्वेतद्वाक्यानि * उक्तानि द्रष्टव्यानि। टीका चास्य चित्सुखी-विजय-ध्वजी-विद्वत्कामधेनु-सम्बन्धोक्ति-तत्वदीपिका-शुकहृदया-सुदर्शनी-मुनिभाव-प्रकाशिका-भावार्थदीपिकाद्याः प्राचीनाः। अर्वाचीनाश्च बह्वः सन्ति। एतैः सर्वविद्वद्वरैः शतसंख्याकैर्महद्भिरभ्यर्च्चितं श्रीमद्भागवतमस्वी-कुर्वन्नत्यज्ञः कुण्डजोऽसि विज्ञातः। माधवसरस्वतीनामानं यतिं प्रति श्रीमद्भागवतमनार्षं ब्रुवन् कश्चित् पण्डितस्तेन यतिना च जारजोऽयमि-त्युक्तैः पण्डितैः स गोलक † एव निश्चित इति काश्यां प्रसिद्धिः ॥४॥

इति पञ्चमी प्रभा व्याख्याता ॥५॥

षष्ठी प्रभा

मात्स्यादौ लक्षणादीनि विलोक्यामितबुद्धिकः।
वोपदेवश्चकारैतद् व्यासनाम्ना द्विजर्षभः ॥

---

* Vide Cat. Cat. दिनकरोद्योत—धर्म्मशास्त्र Commenced by Dinakara and finished by his son Visweswar. Its parts are—(१) आचारोद्योत, (२) पूर्त्तोद्योत, (३) प्रतिष्ठोद्योत, (४) प्रायश्चित्तोद्योत, (५) व्रतोद्योत, (६) शूद्रोद्योत. and (७) संस्कारोद्योत।

† मते भर्त्तरि जारजः सन्तानः गोलक इति भण्यते।

एतच्च दृढ़बन्धत्वात् पद-लालित्यतस्तथा ।
येऽनुमिन्वन्ति ते मूढ़ा निश्चिता वाममार्गिणः ॥१॥

एतस्माद् वेदसारात् सर्वमान्याद् भागवताद् भीता वामोपासका राज्ञस्त्रस्ताश्चौराः परस्वमिव विधवाः स्वगर्भमिव निजधर्मं गोपयन्तो विद्वेषादेवं कल्पयन्ति । मात्स्यस्कान्द-पाद्मादिभ्यो भागवतस्य लक्षणादीनि ज्ञात्वातिसूक्ष्ममहाबुद्धिर्वोपदेवः संप्रति प्रचरदिदं श्रीमद्भागवतं व्यासनाम्ना निबबन्ध । व्यासकृतं त्वन्यत् । एतस्य व्यासकृतत्वे गाढ़बन्धः पद-लालित्यञ्च न स्यान्न हि पाद्मादिषु व्यासकृतेषु श्रीमद्भागवतवद् गाढ़बन्धादिकमस्ति, तस्मान्नवीनमेतदिति तान्निराकर्त्तुं तद्भाषणं तावदाह—मात्स्यादाविति प्रकटार्थम् ॥१॥

सुमहान् दृढ़बन्धस्तु छान्दोग्यादिषु दृश्यते ।
वैष्णवे पद-लालित्यं दृढ़बन्धश्च वर्त्तते ।
अस्ति सुन्दरकाण्डेऽपि पदलालित्यशालिता ।
कथमेषां नवीनत्वं दुर्बुद्धे ! न हि भाषसे ॥२॥

दृढ़बन्धादिसत्त्वेन नवीनत्वं तावद् व्यभिचारयति—सुमहानिति द्वाभ्यां । छान्दोग्यादिष्वित्यादिपदादैतरेयादि ग्राह्यं । श्रीवैष्णवे विष्णुपुराणे । प्रायेणेति बोध्यम् । एवमग्रेऽपि । एवं श्रीगीतासु चोभयं दृष्टं । स्फुटार्थमन्यत् । तथाच छान्दोग्यादिवत् स्वतःसिद्धं श्रीमद्भागवतस्य दृढ़बन्धादिकमिति नैतावता स्वच्छन्दाविषयतेति भावः । किञ्चान्यनाम्ना ग्रन्थो धनलोभात् साक्षान्मैत्र्या वा दृष्टः । तदुभयञ्च व्यासात्तस्य नास्तीति न तन्नाम्ना तन्निर्मितिः । अपिच—स्ववाक्यान्यार्षान्युक्त्वा लोकान् वञ्चयन् मिथ्याभाषी स्वमाप्तत्वात् पातयेत् पापञ्च महदाप्नुयादिति नेदृक् तादृशस्य कर्म्म ॥२॥

वोपदेव-कृतत्वेऽत्र वोपदेव-पुराभवैः ।
कथं टीकाः कृताः संस्युर्हनुमच्चित्सुखादिभिः ॥३॥

वोपदेव-कृतत्वं सर्वथा नास्तीत्याह—वोपदेवेति । यद्येतद्भागवतं वोपदेवेन व्यरचीत्युच्यते, तर्हि तस्मात् पूर्वं जातैर्हनुमदादिभिस्तस्मिन् कृताः टीकाः कथं सम्भवेयुः । हनुमान् श्रीरामपार्षदश्चित्सुखश्चाचार्य्यः श्रीमद्भागवतं व्याचख्यौ । श्रीमध्वमुनिः स्वभाष्ये तद्वाक्यान्युदाजहार । स एव श्रीभागवत-तात्पर्य्यं च कृतवान्। तात्पर्य्यस्यापि प्रबोधनी टीकास्ति । श्रीमद्भागवतमात्रवर्णिते मृद्भक्षण-वस्त्रहरणे श्रीगोविन्दाष्टके वर्णयन् शङ्कराचार्य्योऽपि तद्व्याख्यातवानेव । श्रीमध्व-शङ्करौ हि समकाल-प्रसिद्धौ । शङ्कराचार्य्य-समयादुत्तरे वत्सरशतद्वये व्यतीते वोपदेवोऽभूदिति श्रीरामाश्रमादिभिर्लिखितं । यदैते हनुमदादयस्तस्य व्याख्यानादि चक्रुस्तदा वोपदेवस्य जन्मापि नाभूदिति तस्य तत्कर्त्तृत्वं कथयन् भ्रान्तधीरेव ॥३॥

यान्या शङ्काऽर्प्यते पापैः साप्येतेन व नश्यति ॥४॥

येति—वोपदेवादतिपूर्वैस्तैरस्य श्रीमद्भागवतस्य व्याख्यातत्वान्नेदं तेभ्योऽर्वाचीनेन तेन कृतमिति प्रतिपादनेन पापैस्तैर्वाममार्गिभिः कृतान्यापि शङ्का विनष्टेत्यर्थः । तथाहि—मात्स्याद्युक्तं लक्षणादिकं वीक्ष्य वोपदेवेन कृतमिदं श्रीमद्भागवतमिति दृढबन्धादितः प्रतीयते । तदुक्तलक्षणाद्युपेतं मार्कण्डेयादिवच्छिथिलबन्धं श्रीव्यासकृतं तत्त्वन्यदेवेति शङ्का तुच्छा । इतोऽन्यस्यानुपलब्धेः । यदि स्यात्तर्ह्युपलभ्येत मार्कण्डेयादिवदिति योग्यानुपलब्ध्या इतोन्यस्य निवृत्ताविदमेव संप्रति प्रचरत् श्रीव्यासकृतं श्रीमद्भागवतमष्टादशान्तर्गतं प्रसिद्धम् । किञ्चैवं मार्कण्डेयादिकमपि मात्स्याद्युक्तलक्षणादि दृष्ट्वा केनचित् सुमेधसा कृत-

मिति त्वया शक्यं वक्तुं दुर्म्मुखेन । तथाच्च पुराणमात्रं व्यापादितमिति मा गा विदुषामाप्तानां हासपात्रतामिति ।

इति षष्ठी प्रभा व्याख्याता ॥६॥

सप्तमी प्रभा

नन्वस्त्वेतद्भागवतं वेदरूपं त्वयोदितं ।
किन्त्वध्यायत्रयं त्वस्मिन्नघासुर-वधादिकं ।
ब्रह्मणो मोहकथनात् विवर्त्तस्य च वर्णनात् ।
सङ्गतेः परिदृष्टत्वाद् बाल्य-पौगण्डलीलयोः ।
सूचनेऽनुक्तितश्चापि प्रक्षिप्तमिव भाति मे ॥१॥

अत्र केचिदेवमाहुः—नन्वित्यादि । एतच्छुकभाषितमेव श्रीमद्-भागवतं, किन्त्वस्य दशमस्कन्धीयमघासुर-वधादिरूपकमध्यायत्रयं प्रक्षिप्तं भवति । तत्र ब्रह्ममोहस्य विवर्त्तस्य च वर्णनात् । अघविमोक्षं सखिभिः सह संपृक्तां भुक्तिञ्च वीक्ष्य तदीश्वरत्वे सन्दिहानो ब्रह्मा मोहं प्रापेति तत्र वर्णितं । तस्य मोहस्तु न सम्भवति । 'भवान् कल्पविकल्पेषु न विमुह्यति कर्हिचित्' इति तं प्रति भगवद्वराल् । 'न भारती मेऽङ्ग मृषोपलक्ष्यते न वै क्वचिन्मे मनसो मृषा गतिः । न मे हृषीकाणि पतन्त्यसत्पथे यन्मे हृदौत्कण्ठ्यवता धृतो हरिः' इति (२।६।३४) तद्वाक्याच्च । "आत्मानमेवात्मतया विजानताम्" इत्यादौ (१०।१४।२५) रज्जुसर्पन्यायेन प्रपञ्चस्य ब्रह्मविवर्त्तत्वं तत्र वर्णितं । तद्वादश्च वैष्णवसिद्धान्तविरोधी 'एवं विहारैः कौमारैः कौमारं जहतुर्व्रजे । निलायनैः सेतुबन्धैर्मर्कटोत्प्लवनादिभिः' इत्येकादशान्तपद्येन (११।५९) । कौमारीं लीलां समाप्य पञ्चदशादौ 'ततश्च पौगण्डवयः श्रितौ व्रजे बभूवतुस्तौ पशुपालसम्मतौ' इत्यादिना पौगण्डलीला वर्णिता । एवमुभयोर्लीलयोः सङ्गतेर्दर्शनात् ।

अन्ते श्रीमद्भागवतार्थसूचने तदध्यायार्थानुक्तेश्च तत्प्रक्षिप्तमिव मे भाति ॥१॥

मैवं वादीर्महाबुद्धे ब्रह्ममोहस्तृतीयके।
एकादशे विवर्त्तोक्तिर्वैराग्य-प्रतिपादिका ॥२॥

परिहरति--मैवमित्यादिना । भवान् कल्पेति यो वरो भगवता ब्रह्मणे दत्तः, स किल कल्पेषु ये विकल्पाः सर्गास्तेषु वैषम्यादि-दोषेण भवान्न विमुह्यतीत्यर्थको न तु मन्माययापि न मुह्यतीत्यर्थकश्च । तथा श्रीबलशिवयोस्तदभ्यधिकयोरपि मोहदर्शनात् । अतः कर्हिचिदपीति नोक्तम् । एवञ्च न भारतीत्यादि च व्याख्यातम् । अन्यथा तृतीये (८मे अध्याये) ईश्वरत्वाभिमानपरिहारफलकं सरस्वत्या तन्मोहवर्णनं 'छाया प्रत्याह्वयाभासा' इत्येकादशे (२८।५) विवर्त्तवर्णनञ्च प्रक्षिप्तं स्यात् । ननु भवतां विवर्त्तवर्णने का सङ्गतिस्तत्राह--वैराग्येति । अविषये भ्रम-सम्भवादेवेति भावः ॥२॥

यत्समाप्यापि कौमारीं लीलां तां स्मृतिगां मुनिः।
अपूर्व्वां प्रार्थितां प्राख्यत्तेन किञ्चिन्न दूषणम् ॥३॥

नन्वेवमित्यादिनैकादशान्तिम-पद्येन ततश्चेत्यादिना पञ्चदशा-दिमपद्येन च लीलयोः सङ्गति-लाभादन्तरालिकमध्यायत्रयं प्रक्षिप्तमित्या-शङ्का बलीयसीति चेत्तत्राह--यदिति । तां कौमारीमेवाघासुरवधादिकां । अपूर्वां पूर्वमनुक्तामाश्चर्य्याञ्चेत्यर्थः । प्रार्थितां परीक्षिता वाञ्छितां । स्मृतिगां स्मरणपथमारूढ़ाम् । एतदुक्तं भवति--न चाघासुर-वधाद्या लीलात्रासङ्गता । कौमारलीलानन्तरत्वात्, पौगण्डलीलामुक्त्वानुक्तेश्च न च पुनरुक्तत्वादसङ्गता, प्रागनुक्तेः । न च समाप्यापि तदुक्तिः शङ्का-हेतुः । श्रीतृप्रेष्ठाया विचित्रायाः स्मृतिमारूढ़ायास्तस्याः कथने समा-प्योक्तिदोषव्युदासात् । श्रीतृप्रेष्ठत्वं 'त्वथाऽन्यदपि कृष्णस्य तोकाच-रितमद्भुतम्' इत्यादि (१०।७।३) तदुक्तेः ॥३॥

गोपीगीतादिषु स्पष्टमघसंहृतिरीक्ष्यते।
आचारादि-कथनाच्च तथात्वे क्षिप्तता भवेत् ॥
तस्मादत्र स्युरध्यायाः पञ्चत्रिंशच्छतत्रयम् ॥४॥

इति श्रीपञ्चविंशिस्विगुणयाव-निरास: सप्तमी प्रभा ॥७॥

ननु द्वादशस्कन्धे श्रीमद्भागवतानुक्रमणिकायामेतस्या लीलाया असूचनादिदं त्रयं प्रक्षिप्तं स्यात्तत्राह--गोपीति। (भा० १०।३१।३) गोपीगीते तावद् विषजलाप्ययाद् व्यालराक्षसादिति व्यालराक्षसो ह्यघासुर एव निर्दिष्टः। 'यत्र व्रजन्त्यघभिदो रचनानुवादाच्छृण्वन्ति येऽन्यविषयाः कुकथा मतिघ्नीरिति' तृतीये (१५।२३) अघभिदिति तद्वधचरित-निमित्तकं श्रीभगवतो नामोक्तं। ब्रह्माण्डे पाद्मोत्तरखण्डे चेयं लीला प्रसिद्धा। सर्पलयचतुर्मुखाख्ये च लीलास्थाने ख्याते। तस्मान्नैतत् त्रयं प्रक्षिप्तं शक्यं वक्तुम्। भवदन्यैः सर्व्वैष्टीकाकृद्भिर्मूलत्वेन व्याख्यातत्वाच्चेति। अथान्तिमे असूचनमात्रेण पूर्वोक्तानां प्रक्षिप्तत्वे सङ्गते सप्तमैकादशस्थितानां वर्णाश्रमाचारनिमिजायन्तेयकथानामसूचनात् प्रक्षिप्ततापत्तिर्महान् दोषः स्यात्। एवमन्यासां सूचनं मृग्यम्। महावुद्धे इति सोपहास-सम्बोधनम्। असाधारणं श्रीभगवदैश्वर्य्य-व्रजतद्भक्तमहिमनिर्भरञ्च निरूपयन् प्रक्षिप्तं तद् प्रुवन्न विचारिताभिधायी भवानिति। (वल्लभाचार्य्योऽपि स्वकृते पुरुषोत्तमसहस्रनाम्न्ये तदध्यायत्रयार्थैर्नामानि निवबन्धेति द्रष्टव्यं) तस्मादित्यगूढार्थं। यत्तु 'द्वात्रिंशत् त्रिशतञ्च यस्य विलसच्छाखा' इति स्वामिभिरध्यायत्रयमूनितं तदिदमेवेति वदन्ति, तद्भ्रान्तमेव। अध्याय संख्याश्लोकसहिततट्टीकासङ्ख्यायास्तदर्थत्वे द्वात्रिंशत् त्रिशतीत्यापत्तेश्च। तस्माद्द्वात्रिंशच्च त्रयश्च शतानि चेति द्वन्द्वैक्यमेव तैरभिमतं। बहुत्वञ्च कपिञ्जलालाम्भनन्यायेन त्रित्वे पर्य्यवस्यति। अन्यथानवस्थानात् ॥४॥

इति सप्तमी प्रभा व्याख्याता ॥७॥

करीन्द्रे भ्राजमाणेऽपि स्तूयमाने सुपूरुषैः।
वुक्कन्ति सारमेयाश्चेत् का क्षतिस्तस्य जायते ।।१।।

एवं दुर्धीभिरर्पितान् शङ्कापङ्कानपनीय वेदं तत्सारं श्रीमद्भागवतञ्च उत्कर्षयति––करीन्द्रे इति। सारमेयाः श्वानः वुक्कन्ति भषणं कुर्वन्ति। वुक्क कुक्कुरभषणे। स्फुटार्थमन्यत् ।।१।।

वेदे भागवते चास्ति सन्देहो न हि कश्चन।
तथापि तद्रूचीनां स्यात् सौख्यायैष मम श्रमः ।।२।।

स्वश्रमस्य साफल्यमाह—वेद इति। तद्रूचीनां वेदे श्रीमद्भागवते च प्रीतिमतामत्रोक्तानि युक्तिप्रमाणानि अविदुषां दुर्मुखविभाषाभिः खिद्यमानानामित्यर्थः ।।२।।

निबद्धो युक्तिभिः प्राचां श्रीनाथ-प्रेरणोद्भवः।
श्रीनाथसेविनां भूयात् प्रीत्यै सिद्धान्तदर्पणः ।।३।।

प्रवर्तकं प्रकाशयन् ग्रन्थस्य स्वकपोल-कल्पितत्वं निराकरोति–– निबद्ध इति। श्रीनाथेन श्रीविष्णुना। पक्षे श्रीनाथेन विप्रर्षिणा स्वमित्रेण परमभागवतेन यत्प्रेरणं प्रवर्त्तनं। तस्मादुद्भवः प्राकट्यं यस्य सः। स्फुटमन्यत् ।।३।।

सद्युक्तिभूषणव्रात-विद्याभूषण-निर्मिते।
सिद्धान्त-दर्पणे वाञ्छा सतामस्तु मुदर्पणे ।।४।।

इति श्रीबलभद्रविद्याभूषणकृत-सिद्धान्तदर्पणो ग्रन्थः समाप्तः।

ग्रन्थस्य सद्वाञ्छनीयत्वं वदन् स्वनाम ग्रन्थकृत् प्रकाशयति–– सदिति। मुदर्पणे हर्षप्रापके ।।४।।

टिप्पनी नन्दमिश्रेण नन्दसूनुनिषेविणा।
सिद्धान्तदर्पणेऽकारि हारिण्यस्तु सतामियम् ।।

इति श्रीसिद्धान्तदर्पणटिप्पनी समाप्ता ।।

সূচনা

কপিল, বুদ্ধ, জৈন প্রভৃতি নাস্তিকগণ জগৎকে অনীশ্বর বলে, কপিলের মতে প্রধান বা প্রকৃতি দ্বারা জগৎ রচিত হয়; বুদ্ধ বলেন—পরমাণু দ্বারা জগৎ সৃষ্ট হয়; জৈন বলেন—জগতের কর্ত্তা কেহ নাই; অন্যদিকে কণাদ, পতঞ্জলি প্রভৃতিকে ঈশ্বরবাদী বলিয়া মনে হইলেও কিন্তু তাঁহারা অনীশ্বর, যেহেতু তাঁহারা বেদোক্ত ঈশ্বর স্বীকার করেন না; সুতরাং কপিল হইতে পতঞ্জলি পর্য্যন্ত অনীশ্বরবাদিগণের বাক্যজালরূপ কণ্টকাকীর্ণ জগতে কুসুম-সুকোমল শ্রীহরির শ্রীচরণ-চালন অতি দুঃখময় দেখিয়া করুণাসাগর শ্রীব্যাসদেব যুক্তিনৈপুণ্যরূপ তীক্ষ্ণাস্ত্র-প্রয়োগে উহাঁদিগের বাক্‌কণ্টক উৎপাটিত করিয়া জগতে ভক্তি-বন্যার প্রচার করিয়াছেন। তাৎপর্য্য এই যে সাংখ্যাদি মত নিরসন পূর্ব্বক শ্রীব্যাসদেব ব্রহ্মসূত্র ও শ্রীমদ্ভাগবতাদি গ্রন্থরাজির প্রণয়নে জগতে প্রেমভক্তি প্রচার করিয়াছেন। শ্রীশ্রীগোবিন্দ দেবের নির্দ্দেশ প্রাপ্ত হইয়া শ্রীল বলদেব বিদ্যাভূষণ মহাশয় গৌড়ীয় বৈষ্ণবদর্শনোপযুক্ত শ্রীগোবিন্দভাষ্য এবং সিদ্ধান্তরত্নাদি বেদান্তের কতিপয় প্রকরণ * গ্রন্থ রচনা করিয়াছেন। এই সিদ্ধান্তদর্পণ গ্রন্থখানি ঐ প্রকরণ গ্রন্থরাজিরই অন্যতম। ইহার

* —'সংপন্নবাক্যৈকবাক্যতারূপং প্রকরণম্' (জৈঃ ন্যাঃ ৩৩৪)

প্রথম প্রভায় বেদের অপৌরুষেয়ত্ব প্রতিপাদন পূর্ব্বক সাংখ্যাদি নাস্তিক মত নিরসন এবং বেদাদির সর্ব্বত্র পূজ্যমানত্ব প্রতিপাদিত হইয়াছে। দ্বিতীয়ে ব্যাস-কর্ত্তৃক প্রকটিত ইতিহাস পুরাণাদির অপৌরুষেয়ত্ব-স্থাপন করা হইয়াছে এবং তৃতীয় হইতে সপ্তম প্রভা পর্য্যন্ত শ্রীমদ্ভাগবতের বিরুদ্ধে অন্যান্য পুরাণে বা তার্কিক-গণের ভাষায় যত প্রকার দুরুক্তি আছে, তাহাদের উট্টঙ্কন পূর্ব্বক অতি সরল ভাষায় সূত্রাকারে খণ্ডন পূর্ব্বক শ্রীমদ্‌ভাগবতেরই সর্ব্বপ্রমাণ-চূড়ামণিত্ব ও হরিপারতম্য স্থাপিত হইয়াছে। শ্রীগ্রন্থকার বেদান্তের অতিদুরূহ সিদ্ধান্তনিচয়কেও অতি সরল সুখবোধ্য ভাষায় প্রকাশ করিয়া এই পুস্তিকাখানিকে সর্ব্ব-সাধারণের উপযোগী করিয়াই রচনা করিয়াছেন। ইঁহার টীকাকার শ্রীনন্দমিশ্র মহাশয়ও নিপুণতার সহিত লেখনী-সঞ্চালনে গ্রন্থকারের অভিপ্রেত বস্তুটি সংক্ষেপে নিরূপণ করিয়া সবিশেষ কৃতিত্বের পরিচয় প্রদান করিয়াছেন। বরাহনগর পাটবাড়ী শ্রীগৌরাঙ্গ গ্রন্থ মন্দিরের একখানা পুঁথি, শ্রীবৃন্দাবনে শ্রীরাধা-রমণ-সেবাধিকারী শ্রীশ্রীবনমালীলাল গোস্বামিজির একখানা পুঁথি ও পুরাণাসহরের গোস্বামিদের গ্রন্থাগারের একখানা পুঁথি দেখিয়া ইহার পাঠ-নির্দ্ধারণ করা হইয়াছে। কৃপাময় পাঠকগণ প্রকাশকের সর্ব্বপ্রকার ত্রুটি বিচ্যুতি ক্ষমা করিয়া গ্রন্থ—তাৎপর্য্য আস্বাদন করিলে কৃতকৃতার্থ হইব।

সিদ্ধান্ত-দর্পণ

তাৎপর্য্যানুবাদ

প্রথম প্রভা

হরি-গিরি-পাদপদ্ম হৃদয়ে বিলাস।
'সিদ্ধান্তদর্পণ' ভাষা কহে হীন হরিদাস॥

(১) বেদ ও তদ্বাচ্য পরমেশ্বরকে দুর্বুদ্ধি নাস্তিকগণ স্বীকার করে না। কোনও কোনও আস্তিকাভাসগণ (অর্থাৎ মুখে স্বীকার করিলেও অন্তরে অস্বীকারকারিগণ) অর্দ্ধকুক্কুটী ন্যায়ের আশ্রয় গ্রহণ করে। এই সকল দুর্ম্মুখগণকে নিরাকরণ করিবার জন্য শ্রীগ্রন্থকার **'সিদ্ধান্তদর্পণ'** নামক 'প্রকরণ' গ্রন্থ রচনা করিতে প্রবৃত্ত হইয়া নিজ পূর্ব্ব মহাজন-কর্ত্তৃক রচিত শ্রীব্যাসদেবের নমস্কার-রূপা ভক্তি গ্রন্থ-প্রারম্ভে মঙ্গলাচরণ-স্বরূপে লিখিতেছেন—'যাঁহার পিতা পরাশর (অতএব যিনি ঈশ্বর-পদবাচ্য) ও যিনি শুকদেবের পিতা (সুতরাং যিনি বিশুদ্ধভক্তির উপদেষ্টা), সেই বদরিকাশ্রম-নিবাসী কৃষ্ণদ্বৈপায়ন ব্যাসকে ভজন করি, যেন আমার বাঞ্ছিত বস্তু লাভ হয়'।

(২) শ্রীগ্রন্থকার নিজে মঙ্গলাচরণ রচনা করিতেছেন—(ক) যাঁহার অনুকম্পায় কুম্ভীর-কর্ত্তৃক উপদ্রুত গজরাজ পশুভাব পরিহার করত পার্ষদদেহ প্রাপ্ত হইয়াছিলেন- সেই সচ্চিদানন্দ মুরারি শ্রীকৃষ্ণ আমাদের হৃদয়ে নিত্য বাস করুন। (খ) যাঁহার অনুগ্রহে উৎকলরাজ গজপতি প্রতাপরুদ্র রাজস-ভাব পরিত্যাগ পূর্ব্বক প্রেমানন্দলাভে কৃত-

কৃতার্থ হইয়াছিলেন—সেই সংসার রূপ কুৎসা-বিনাশী শ্রীচৈতন্যমহাপ্রভু আমাদের হৃদয়ে সর্ব্বদা বিলাস করুন। অথবা (গ) যাঁহার কৃপায় গোপালদাস নামক মত্ত হস্তিরাজও অহিংস হইয়া সৎসেবা-সম্পাদনে আনন্দিত হইয়াছিল—সেই শচীসুতৈকনিষ্ঠ মুরারি (গ্রন্থকর্ত্তার পরাৎপর গুরুদেব রসিকমুরারি) আমাদের হৃদয়ে সর্ব্বদা বাস্তব্য করুন।

(৩) এই গ্রন্থে বেদসিদ্ধান্ত-সমুদয় অর্থাৎ বেদের নিত্যত্ব, ভগবদ্রূপত্ব, ইতিহাস-পুরাণাদি-রূপত্ব প্রভৃতি সম্যক্ প্রকারে প্রকাশিত হইবে এবং তাহা বেদানুগত হরিভক্তগণের প্রীতিদায়ক হইবে, অতএব এই গ্রন্থ 'সিদ্ধান্ত-দর্পণ' নামে অভিহিত হইল।

(৪) একই পরতত্ত্ব বাচ্য ও বাচক ভেদে (তত্ত্বতঃ এক হইয়াও) বিভিন্ন নামে প্রতীয়মান হয়। তন্মধ্যে বাচ্য—সর্ব্বেশ্বর দেব (শ্রীকৃষ্ণ) এবং বাচক প্রণব (ওঁ)।

(৫) বাচ্য সর্ব্বেশ্বর যেরূপ মৎস্য কূর্ম্মাদি বহু মূর্ত্তি ধারণ করিয়া থাকেন, তদ্রূপ বাচক প্রণবও ঋক্, যজুঃ, সাম, অথর্ব্ব, ইতিহাস, পুরাণ প্রভৃতি রূপে বহুবিধ হইয়া প্রকাশ পান।

(৬) এক্ষণে **বাচ্য ও বাচকের নিত্যত্ব** প্রতিপাদন করিতেছেন—আদি (জন্ম) ও অন্ত (বিনাশ) নাই বলিয়া উঁহারা উভয়েই নিত্য। বাচ্যের নিত্যত্ব যথা কৈবল্যোপনিষদে—'সেই পরতত্ত্ব আদি, মধ্য ও অন্ত-বিহীন'। বিষ্ণুপুরাণে 'সেই অবিকার, শুদ্ধ, নিত্য পরমাত্মা সর্ব্বদাই একরূপ, বিষ্ণু (বিশ্বব্যাপক), সর্ব্বত্র জয়-শীল, অপক্ষয় বা বিনাশ-রহিত, পরিণাম, বৃদ্ধি বা জন্ম-শূন্য; তাঁহার সম্বন্ধে কেবল এইমাত্র বলা যায় যে তিনি সর্ব্বদা বিরাজমানই আছেন' ইত্যাদি। বাচক বেদের নিত্যত্ব যথা শ্রুতিতে'—হে বিশ্বরূপ! তুমি বেদরূপ নিত্যবাক্য দ্বারা স্তুতি প্রেরণ কর' ইত্যাদি; মহাভারতে—

'কল্পের আদিতে স্বয়ম্ভূ হরি আদ্যন্তরহিত নিত্য বাক্য উচ্চারণ করিয়াছেন; যেহেতু তাঁহার সকল প্রবৃত্তিই (চেষ্টাই) দিব্যা ও বেদময়ী ইত্যাদি। এক্ষণে **আশঙ্কা** হইতেছে যে 'ব্রহ্মা, বিষ্ণু, শিব, ইন্দ্র প্রভৃতি সকলেই প্রসূত হইলেন' এই শ্রুতির প্রমাণ-বলে সর্ব্বেশ্বর বিষ্ণুরও ত জন্ম উক্ত হইয়াছে; তাঁহাদের দেহবিনাশের কথাও ভারতাদিতে বর্ণিত হইয়াছে; বেদেরও শব্দরাশিময়ত্বহেতু উৎপত্তি ও বিনাশ অবশ্যম্ভাবী, তবে কি প্রকারে বাচ্য সর্ব্বেশ্বর ও বাচক বেদ নিত্য হইল? ইহার **উত্তর** দিতেছেন—এই বাচ্য-বাচকের জন্ম ও নাশ হইতে পারে না, কিন্তু যুগে যুগে ইঁহাদের আবির্ভাব ও তিরোভাবই হইয়া থাকে। পূর্ব্বোক্ত 'ব্রহ্মা, বিষ্ণু, রুদ্র,' ইত্যাদি শ্রুতিতে বিষ্ণুর উৎপত্তির কথা কেবল তাঁহা-দিগের মধ্যে বিষ্ণুর সঙ্গতি-(সহাবস্থান)-মাত্রই সূচনা করিতেছে; যেমন চৌরগণের মধ্যে রাজা অবস্থান করেন; সহাবস্থান করেন বলিয়াই রাজা চৌর নহেন; তদ্রূপ এই শ্রুতিতে বিষ্ণুর সহপঠন আছে বলিয়াই বিষ্ণুর উৎপত্তি হইতে পারে না; যেহেতু অন্যত্র উঁহার জন্ম নাই বলিয়া উক্ত হইয়াছে। তবে যে ভারতাদিতে দেহ-নাশের কথা বলা হইয়াছে, তাহাও প্রাতীতিকমাত্র, ইন্দ্রজালিকের ন্যায়ই বুঝিতে হইবে; কেননা, নিত্য বস্তুর ধ্বংশ অসম্ভব। বেদেরও নিত্যত্ব বলিয়া উৎপত্তি বা নিধন নাই—একথা অগ্রে (২০-২২) শ্লোকে প্রতিপাদিত হইবে।

(৭) এই প্রকারে শ্রুত্যাদি-প্রমাণসমূহদ্বারা আস্তিকগণকে ঈশ্বর ও বেদের নিত্যত্ব প্রদর্শন করান হইল। এক্ষণে বেদাবমাননাকারী নাস্তিকগণকে লক্ষ্য করিয়া অনুমান প্রমাণ দ্বারা ঈশ্বর ও বেদের নিত্যতা দেখান হইতেছে। ঈশ্বর জগৎকর্ত্তা বলিয়া তিনি অনুমান-প্রমাণে সাধ্য। এইজন্য জগৎ যে ঈশ্বরের কার্য্য ইহাই অনুমানে প্রমাণিত

করিতেছেন। এই জগৎ কার্য্য, যেহেতু ইহা অবয়ব-বিশিষ্ট ; তাহার দৃষ্টান্ত ঘট ; পক্ষান্তরে যাহার অবয়ব নাই, তাহা কার্য্যও নহে, যেমন পরমাণু বা আকাশ—ইহাই বিজ্ঞানবাদী বৌদ্ধগণের এবং তার্কিকগণের অভিমত। ইহা দ্বারা 'জগৎ এইরূপ ভিন্ন হইতে পারে না' এই ভাবে জগন্নিত্যত্ববাদী কর্ম্মজড় লোকগণের মত খণ্ডন করা হইল। তাহাদের যুক্তি এইরূপ—এই জগৎ কার্য্য নহে, যেহেতু ইহার রচনা-পারিপাট্য মনে মনেও ভাবনা করা যায় না। পর্ব্বত, আকাশ, দিগ্‌দেশাদি বস্তুকে কোনও সুভাবুকও চিন্তাচিত্রে আনিতে পারে কি? অর্থাৎ মনে মনেও রচনা করিতে পারে না ; অতএব ইহা অনাদিসিদ্ধ এবং নিত্য। 'যাহা অদ্য কল্প, তাহাও কল্পপূর্ব্ব' অর্থাৎ পূর্ব্বেও ইহা এইরূপই ছিল—এই যুক্তিবলেই ইহার অনাদিত্ব নিষ্পন্ন হইল। এইরূপ জগৎও সত্য-সংকল্প ঈশ্বর অনায়াসে নির্ম্মাণ করেন—অতএব ইহাতে পূর্ব্বমতেরও খণ্ডন হইল।

(৮) জগতের কার্য্যত্ব সম্বন্ধে অন্যান্য মতও নিরসন করিতেছেন—ক্ষণিকবাদী বৌদ্ধগণ বলেন যে পার্থিব, জলীয়, তেজস্ক ও বায়বীয় এই চারিটী পরমাণু (কিম্বা ভূত, ভৌতিক, চিত্ত ও চৈত্য) পৃথিব্যাদি রূপে এককালেই পরস্পর মিলিত হয়। পৃথিবী প্রভৃতির যে সংঘাত বা মিলন, তাহার কারণ-স্বরূপ পরমাণু চারি প্রকার নহে, কিন্তু এক স্বভাব-বিশিষ্টই, তবে পরিণামবশতঃ পৃথিব্যাদিরূপে বৈশিষ্ট্য প্রাপ্তি করে মাত্র—ইহা স্যাদ্বাদী জৈনদিগের মত। এক্ষণে এই মতদ্বয়ের নিরসন করিতেছেন - তাহাদের মতে চতুর্ব্বিধ পরমাণুকর্ত্তৃক কল্পিত সংঘাত বা মিলন কখনই সম্ভবপর নহে ; যেহেতু তাহারা স্থির মিলন-কর্ত্তা চেতন বস্তুর অস্তিত্ব স্বীকার করে না। ব্রহ্মসূত্রভাষ্যে (২।২) ইহার সবিশেষ বিবরণ প্রদত্ত হইয়াছে।

(৯) **সাংখ্য**বাদির মতে বিভু পুরুষের ছায়া বা নিরীক্ষণ-শক্তিতে উদ্‌বুদ্ধ-চৈতন্য (সচেতন) প্রধান বা **প্রকৃতিই** জগৎকর্ত্তা। এই মত-**নিরসনে** যুক্তি এইরূপ—প্রধান (প্রকৃতি) জগৎকর্ত্তা হইতে পারেনা, প্রধান নিজেই জড়, যেমন জড় কাষ্ঠখণ্ডে সৃজনশক্তি থাকিতে পারে না। ইহা ত সহজবোধ্য কথা যে যাহার জ্ঞান, ইচ্ছা ও প্রযত্ন আছে, সেই কুলালই ঘটাদি বস্তু নির্ম্মাণ করিতে পারে; কিন্তু জড় কাষ্ঠাদির তুল্য প্রধানে জ্ঞানাদির অভাব থাকা প্রযুক্ত তাহার জগৎ-কর্ত্তৃত্ব সম্ভবপরই নহে। যদি বল যে পুরুষের ছায়ায় লব্ধচৈতন্য প্রধান সৃজনশক্তি ধারণ করে, তবে বস্তুতঃ পুরুষেরই জগৎ-কর্ত্তৃত্ব স্বীকার করিতেছ। দেখনা কেন, তপ্ত লৌহখণ্ডে হস্ত দগ্ধ হইলেও কি তাহাতে অগ্নির কর্ত্তৃত্ব স্বীকার না করিয়া লৌহের কর্ত্তৃত্ব স্বীকৃত হয়?

(১০) কেহ কেহ বলেন 'অদৃষ্ট দ্বারা জীবই জগৎকর্ত্তা'—তাঁহাদের মত নিরসন করিতেছেন—অগণিত পর্ব্বত ও অত্যদ্ভুত সাগরাদি দ্বারা সুশোভিত, চতুর্দ্দশভুবনাত্মক এই জগৎ; ইহা অনন্ত কর্ত্তা, অনন্ত ভোক্তা, অসংখ্য ভোগ্য ও অসংখ্যাত ভোগস্থানাদিদ্বারা অতিরমণীয় এবং ইহার রচনা-কৌশলও অবিচিন্তনীয়—কাজেই এবম্বিধ জগতের কর্ত্তা কি আর (ক্ষুদ্র-শক্তি) জীব হইতে পারে? এবিষয়ের নিরসনে যুক্তি এইরূপ 'আমাদের ন্যায় জীব জগৎকর্ত্তা হইতে পারে না, কেননা তাদৃশ শক্তি আমাদের নাই। ব্যতিরেকে—ঈশ্বরতুল্য (অর্থাৎ জীব যদি জগৎ-কর্ত্তা হইতে পারে, তবে জীবই ঈশ্বর হইয়া পড়ে। কিন্তু স্বরূপতঃ ও সামর্থ্যতঃ জীব ও ঈশ্বর সর্ব্বদাই ভিন্ন)। আর একথাও বলিতে পারনা যে অদৃষ্টই জীবের জগন্নির্ম্মাণে শক্তি, কেননা এইরূপ অদৃষ্ট কেহই উপার্জ্জন করিতে পারেনা। আর সকল জীবের অদৃষ্ট মিলিত হইয়া জগৎ রচনা করে, একথা বলিবারও উপায় নাই; যেহেতু

এতাদৃশ প্রয়োজনে (বিষয়ে) কোনও শ্রুতি স্মৃতি প্রভৃতির প্রমাণ নাই।

(১১) 'তবে **জগতের কর্ত্তা** কে'? এই প্রশ্নের উত্তর দিতেছি। দেখা যায় যে পরমাণুসমূহে মিলন-কর্ত্তৃত্বের এবং প্রধানে পরিণামকর্ত্তৃত্বের অসম্ভাবনায় এবং জীবেও জগৎনির্ম্মাণোপযুক্ত শক্তির অভাব বশতঃ 'ঈশ্বরই যে জগতকর্ত্তা' একথা তোমাদিগকে স্বীকার করিতেই হইবে। তাহার যুক্তি এইরূপ—এই জগতের কর্ত্তা আছে, দৃষ্টান্ত—ঘট। যদি এইরূপ সাবয়ব না হয়, তবে তাহা নির্ম্মিতও হইবে না, যেমন পরমাণু ও আকাশ। অতএব জগৎকর্ত্তা—ঈশ্বরই। যেহেতু সেই সর্ব্বজ্ঞ ও সত্যসংকল্প ঈশ্বরই অণু, দ্ব্যণু ও পরমাণুক্রমে পর্ব্বত ও সাগরাদি জগন্নির্ম্মাণে সক্ষম। এক্ষণে আশঙ্কা এই যে পূর্ব্বোক্ত অনুমান দ্বারা ঈশ্বরের জগন্নির্ম্মাণ-কর্ত্তৃকত্ব না হয় সিদ্ধ হইল, কিন্তু তাঁহার কর্ত্তৃত্বে জ্ঞানেচ্ছাদির ত আর নির্ব্বাহকত্ব সিদ্ধ হয় না অর্থাৎ ঈশ্বর জগৎ নির্ম্মাণ করিলেও কিন্তু তিনি জগৎ নির্ব্বাহ করিতে পারেন না। এই জগন্নির্ব্বাহ ক্ষমতা তাঁহার জ্ঞান, ইচ্ছা প্রভৃতিরই আছে। এক্ষণে উত্তর দিতেছেন—এ আশঙ্কা করা চলে না; কারণ ধর্ম্মধর্ম্মি-সম্বন্ধে ধর্ম্মিরই গ্রাহকতা আছে অর্থাৎ ধর্ম্ম যাঁহার আছে, তিনিই কার্য্য করিতে পারেন, কিন্তু স্বয়ং ধর্ম্ম কার্য্যসম্পাদনে অক্ষম; কাজেই জ্ঞান, ইচ্ছা ও প্রযত্ন এই তিন ধর্ম্মদ্বারাই তিনি বিশিষ্ট—অতএব ঐ অনুমানেই জগৎকর্ত্তারূপে সিদ্ধ ধর্ম্মী ঈশ্বরই জ্ঞান, ইচ্ছা ও প্রযত্ন-রূপ ধর্ম্মত্রয়কে গ্রহণ করিয়াই জগৎ নির্ব্বাহ করিতে পারেন; লোকেও সচরাচর ধর্ম্মসহকারেই ধর্ম্মির কর্ত্তৃত্ব পরিলক্ষিত হইয়া থাকে। আচ্ছা ঈশ্বর জগৎকর্ত্তা – ইহা না হয় স্বীকার করা যায়, কিন্তু তিনি অনিত্যই হইবেন। চতুর্মুখ ব্রহ্মাদি অনিত্য ঈশ্বরেরও ত জগৎ নির্ম্মাণ করিবার ক্ষমতা আছে?"—এই যদি বল তাহা

হইলে যুক্তি শ্রবণ কর—ঈশ্বর নিত্য, যেহেতু তিনি নিত্য বর্ত্তমান থাকিলেও অকারণ অর্থাৎ তাঁহার কারণ অন্য কেহ হইতে পারে না। যাহা বিদ্যমান থাকিয়াও অকারণ নহে, তাহা নিত্যও হইবে না, যেমন ঘটপ্রাগভাব অথবা ঘট। ঘটপ্রাগভাবের কারণ না থাকিলেও তাহা সৎ অর্থাৎ বিদ্যমান নহে এবং ঘটের সত্তা বা বিদ্যমানতা থাকিলেও তাহার (কুলালাদি) কারণ বর্ত্তমান আছে বলিয়া উভয়ই অনিত্য। অধিক কথা (১।১৯) শ্লোকে বলা হইবে। এইরূপে এই অনুমানও নিরস্ত-করা হইল যে ঈশ্বর ক্ষণিক. যেহেতু তাহার সত্ত্ব বা বিদ্যমানতা আছে, যেহেতু যে বস্তু সৎ, তাহাই ক্ষণিক, যেমন মেঘ। উক্ত অনুমানে সত্তারূপ হেতু কল্পনা সদ্ধেতু অর্থাৎ সুনিশ্চিত নহে, যেহেতু তাহার ব্যাপ্যত্ব অসিদ্ধ অর্থাৎ সর্ব্বত্র দৃষ্ট হয় না, কখনও ব্যভিচারীও হয়। বিদ্যমান পর্ব্বতাদির ত আর ক্ষণিকত্ব দেখা যাইতেছে না। এইরূপে সর্ব্বদাই ঈশ্বরের নিত্যত্ব সাধন করিয়া বলিতেছেন যে এই প্রস্তাবে বেদ-সম্বন্ধেও ক্ষণিকত্ববাদ নিরস্ত হইল।

(১২) জ্ঞানাদি-গুণময় ঈশ্বর নিত্য—ইহা প্রতিপাদিত করিয়া তাঁহার বাক্যময় বেদেরও প্রামাণ্য স্বীকার করাইতেছেন। ভ্রম (এক বস্তুকে অন্য বস্তু বলিয়া ধারণা করা), প্রমাদ (অনবধানতা বা অন্য-মনস্কতা), বিপ্রলিপ্সা (বঞ্চনেচ্ছা) ও করণাপাটব (ইন্দ্রিয়ের অপটুতা) —এই চারিটী দোষ লৌকিক বক্তাতে বিদ্যমান থাকিতে পারে; এই দোষ-চতুষ্টয়-রহিত বক্তা ঈশ্বর-কর্ত্তৃক প্রযুক্ত বেদবাক্যে দোষযুক্ত পুরুষের কোনও সম্পর্ক না থাকা প্রযুক্ত ঐ বেদবাক্যের প্রামাণ্য সিদ্ধ হইতেছে। আবার দোষযুক্ত পুরুষের প্রণীত বাক্য—অপ্রামাণ্য, যেমন কপিলাদি-প্রণীত তন্ত্রাদি। ইহার তাৎপর্য্য এই—'ছন্দঃ (বেদাদি) শাস্ত্র-সমূহ তাঁহা হইতে জন্মলাভ করিয়াছে।' ইত্যাদি শ্রুতিবাক্যে যদিও

ঈশ্বরের জন্যত্ব-হিসাবে বেদকে অনিত্য বলিয়া মনে করা যায়, তথাপি নির্দ্দোষ সর্ব্বজ্ঞ-কর্তৃক সম্পাদনত্বহেতু তাহার প্রামাণ্যে কোনও শঙ্কা আসিতে পারে না; যেহেতু তাহাতেই যথার্থ জ্ঞান সম্পাদিত হয়; কিন্তু কপিলাদি শাস্ত্রকারগণ জীব বলিয়া ভ্রমাদি দোষ-চতুষ্টয়যুক্ত এবং তাঁহাদের বাক্যাদিও যথার্থ প্রমাণ বলিয়া স্বীকৃত নহে। এক্ষণে আশঙ্কা হইতেছে যে 'ঋষভ ও বুদ্ধের ঈশ্বরত্বপ্রযুক্ত ইঁহাদের বাক্য প্রমাণ হউক' —একথা বলা সমীচীন নহে, কেননা তাঁহাদের অনুমানে ঈশ্বর স্বীকৃত হয় নাই। ঈশ্বর নিত্য, সর্ব্বজ্ঞত্বাদি নিত্য গুণময় ইহা অনুমিত হইয়াছে; কিন্তু স্যাদ্‌বাদে (জৈনমতে) ও ক্ষণিকবিজ্ঞানবাদে কূটস্থ (স্থির) ভাব নাই বলিয়া তাঁহাদের মতে ঈশ্বরত্ববাদ নাই; কাজেই তাঁহাদের বাক্য অপ্রামাণিক। অপর কথা— (জৈন) সিদ্ধান্ত ঋষভ-কর্তৃক উপদিষ্টও নহে, অথবা অর্হৎ ঋষভদেবকে দেখেনও নাই; কিন্তু লোকমুখে তাঁহার মায়াময়ী চেষ্টার কথা শ্রবণ করিয়া দুর্ভাগ্যবশতঃ সেই অর্হৎ সেই মায়াময়ী চেষ্টারই অনুসরণ করিয়া দুর্ভাগ্যজনগণকে ধর্ম্মভ্রষ্ট করিয়াছেন। ঈশ্বর কর্ম্মানুসারে ফল অর্পণ করেন বলিয়া তাঁহাতে বৈষম্যদোষও আসিতে পারে না—তাহা ভাষ্যপীঠকে (১।৬৩) নিরূপিত হইয়াছে। বুদ্ধও অসুরগণকে যজ্ঞ হইতে ভ্রষ্ট করিবার জন্য অহিংসাচ্ছলে জীবগণকে ধর্ম্মভ্রংশের উপদেশ দিয়াছেন; কিন্তু ঐ উপদেশে তাঁহার স্বীয় তাৎপর্য্যের লবলেশও নাই—ইহাই তত্ত্ববিদ্গণ বলেন; সুতরাং তাঁহার সম্মোহন-ফলযুক্ত আপ্তবাক্যের আবরণে অহিংসামূলক উপদেশেরও কোনও প্রামাণ্য হইতে পারে না।

(১৩) এইভাবে নাস্তিকগণকে লক্ষ্য করিয়া নিত্য ও নিত্য-জ্ঞানাদি গুণময় ঈশ্বরকে জগৎকর্ত্তারূপে সাধন করা হইল। সর্ব্বজ্ঞ ঈশ্বর-প্রণীত বলিয়া বেদের প্রামাণ্যও তর্কাদি দ্বারা প্রতিপাদিত

হইল। তাহাতে **ঈশ্বরের সবিগ্রহত্ব ও বেদের নিত্যত্ব** সিদ্ধ হয় নাই। এক্ষণে এই দুই তত্ত্বেরই প্রামাণ্য নিরূপণ করিতে সাত্বতগণের একদেশী মত স্বীকার করিয়া বলিতেছেন—দেখা যায় যে লোকে জ্ঞানেচ্ছাপ্রযত্নশীল ব্যক্তিই কর্ত্তা হয়, তদ্রূপ জগৎকর্ত্তা-রূপে অনুমিত ঈশ্বরেও কর্ত্তৃত্ব-নির্ব্বাহক জ্ঞানাদি ঐ ধর্ম্মি-গ্রাহক অনুমান প্রমাণেই সিদ্ধ হইতেছে। এই লোকে দেহাদিমান্ পুরুষই যেমন কর্ত্তা হয়, তদ্রূপ কর্ত্তৃত্ব-নির্ব্বাহক দেহাদিরও আবশ্যকতা অনুমিত হয়, কেননা দেহাদি ব্যতিরেকে কর্ত্তৃত্বই অনুপপন্ন হয়। এক্ষণে আশঙ্কা এই যে কুম্ভকারাদির চেষ্টা ব্যতিরেকে কৃতি(ইচ্ছা) মাত্রেই ঘটাদি নির্ম্মাণ-সামর্থ্য হইতে পারে না, অতএব তাহাদের চেষ্টার আশ্রয়স্বরূপে দেহাদির সাহচর্য্য প্রয়োজন ; কিন্তু ঈশ্বরের কৃতি (প্রবৃত্তি) মাত্রেই সর্ব্বকার্য্য-করণে সামর্থ্য থাকা নিবন্ধন দেহাদির অপেক্ষা নাই—এই কথা বলিতে পার না—যেহেতু কর্ত্তৃত্ব-নির্ব্বাহে জ্ঞানাদির যেরূপ প্রয়োজন, তদ্রূপ অন্বয় ও ব্যতি-রেকে দেহাদিধারণেরও আবশ্যকতা আছে। যেখানে কুলালাদিতে কর্ত্তৃত্ব দৃষ্ট হয়, তথায় দেহাদির বিদ্যমানতাও ত দৃষ্ট হয়। আবার মুক্ত-গণে যেমন দেহাদির অভাব রহিয়াছে, তদ্রূপ তাঁহাদিগের কোনও কর্ত্তৃত্বও দেখা যায় না। আর এক আপত্তি এই যে ঈশ্বর যদি সাবয়ব অর্থাৎ দেহাদিমান্ হয়েন, তবে তাঁহার সেই দেহটি অনিত্যই হউক। না, তাহা বলিতে পার না ; যেহেতু ঐ দেহ ত আর কর্ম্মজন্য নহে, অতএব উহা অনিত্য হইবে কেন ? পক্ষান্তরে যদি কর্ম্মজন্য দেহই স্বীকার করা যায়, জ্ঞানও অনিত্যই হয়, তবে তাঁহার জগন্নির্বাহাদি সকল জ্ঞানও অনিত্য হইয়া পড়ে। আবার 'চেষ্টা ব্যতিরেকেও প্রযত্ন (উৎসাহ) *

---

* আত্মজন্য ইচ্ছা, ইচ্ছা হইতে কৃতি হয়, কৃতি হইতে চেষ্টা এবং চেষ্টার পর ক্রিয়ানিষ্পত্তি—ইহাই ইচ্ছা প্রভৃতি পারিভাষিক-শব্দের ব্যুৎপত্তি।

মাত্রেই ঈশ্বর জগৎনির্ম্মাণাদি কার্য্য করিতে সমর্থ বলিয়া ঈশ্বরের আর চেষ্টাশ্রয় দেহাদি স্বীকার্য্য নহে' এরূপ আশঙ্কাও হইতে পারে না, যেহেতু ইচ্ছা প্রযত্ন ব্যতীতও জ্ঞানমাত্রেই তাহা সম্পাদিত হইতে পারে, তাহাতে আর ইচ্ছাদিরও প্রয়োজন নাই।

আবার **আশঙ্কা** এই যে "দেহ যখন অপরিচ্ছিন্ন, তখন একই সময়ে নিখিল দেশে নিখিল কার্য্য করিতে পারে না"—এই যুক্তি সমীচীন নহে; কারণ তাঁহার নিত্য দেহ অচিন্ত্যশক্তিতে সর্ব্বত্র এক-কালেই সমুপস্থিত থাকিতে পারে। ইহার দৃষ্টান্ত—জাতি। যেমন গোত্ব প্রভৃতি জাতির প্রতি গোতে ব্যাপ্তি থাকিলেও সকল গো-ব্যক্তিতে একই প্রকার, তদ্রূপ প্রতি কার্য্যে তৎপর হইলেও ঈশ্বরদেহ সর্ব্বত্র একই স্বরূপে অবস্থান করেন—ইহাতে কোনও দোষ হয় না। কেহ কেহ যে ঐ দেহের মহত্ত্ব ও প্রকাশ্যমান-রূপত্ব বলিয়া প্রত্যক্ষত্বাপত্তি হইতে পারে বলে, তাহাও আপাত রমণীয় কথা বটে; কেন না, দেবাদি দেহের ন্যায় ঐ দেহও আবার অন্তর্ধানশক্তি-প্রয়োগে অপ্রত্যক্ষ হইয়া থাকে। "অঙ্কুরাদিতে দেহাদিযুক্ত কর্ত্তার অনুপলব্ধিবশতঃ কার্য্য জগতাদিরও দেহাদিযুক্ত কর্ত্তা হইতে পারে না" বলিয়া যে কল্পনা করা হয়, তাহাও পূর্ব্বযুক্তি দ্বারা নিরস্ত হইল।

আবার কেহ কেহ বলে—ঈশ্বর ভূতাবেশ-ন্যায়ে কোনও অদৃষ্টবান্ (সুকৃতি) জীবের দেহে আবিষ্ট হইয়া কার্য্য সম্পাদন করেন, কার্য্য শেষ হইলে ঐ আবেশও ত্যাগ করেন এবং তাঁহার স্বাভাবিক দেহাদি নাই, যেহেতু জ্ঞান, ইচ্ছা ও প্রযত্নাদি ব্যতিরিক্ত তাহাতে অন্য কোনও বিশেষ ধর্ম্ম নাই। এই যুক্তিটী কুবুদ্ধি-প্রসূত; যেহেতু এইরূপ কল্পনায় কোনও প্রমাণ নাই, অথচ তাঁহার নিত্যদেহ-বিষয়ে বহুশঃ প্রমাণ আছে ৮

অতএব ঈশ্বরে জ্ঞানাদি ধর্ম্মত্রয়ের ন্যায় দেহাদি নিত্যই বলিয়া ধর্ম্মি-গ্রাহক প্রমাণ-বলে সিদ্ধ হইল।

(১৪) এক্ষণে প্রকৃত কথা বলিতেছেন—ঈশ্বরের কর্ত্তৃত্ব-নির্ব্বাহক জ্ঞান, ইচ্ছা ও প্রযত্ন যেরূপ ধর্ম্মি-গ্রাহক-প্রমাণবলে তার্কিক স্বীকার করিয়াছে, নাস্তিকগণকেও যুক্তি দ্বারা তাহা স্বীকার করান হইয়াছে, সেইরূপেই আমরা তার্কিকগণকে জগৎকর্ত্তৃত্ব-নির্ব্বাহক দেহাদিও স্বীকার করাইয়াছি। ঈশ্বরত্ববশতঃ তাঁহার জ্ঞানাদি যেমন নিত্য, তদ্রূপ তাঁহার নিঃশ্বাসরূপ বেদও ঈশ্বরত্ব-প্রযুক্ত নিত্যই—ইহা তাঁহাদের অনভিপ্রেত হইলেও স্বীকার করিতেই হইবে। 'বেদাদি তাহা হইতে জন্মলাভ করিয়াছে' এই বচনে বেদের উৎপত্তি শ্রবণ হেতু যে তাহার অনিত্যত্ব হইতে পারে—পূর্ব্বোক্ত যুক্তি দ্বারা তাহাও খণ্ডন করা হইল। বাস্তবিক পক্ষে 'জন্' ধাতুর অর্থও প্রাদুর্ভাব; অপ্রকটে যাহা ছিল, তাহারই প্রকাশ হইলে তাহাতে আর নিত্যত্বের হানি হয় না। বৌদ্ধ (চার্ব্বাক) গ্রন্থে উক্ত হইয়াছে—'মুনি, ভণ্ড ও রাক্ষস—এই তিন ব্যক্তিই বেদকর্ত্তা'—ইহাতে যে মুন্যাদি-রচিত বলিয়া বেদের প্রসঙ্গে বলা হইয়াছে, তাহাও নিরস্ত করা হইল। উহারা পাপবাসনায় প্রণোদিত হইয়া বিদ্বেষবশতঃ ঐ দুরুক্তি করিয়াছে। কেহ কেহ বলে—'নিঃশ্বাসবায়ুরূপ বলিয়া বেদের অক্ষররাশি-স্বরূপত্ব-প্রাপ্তি অসম্ভব' ইহাও অল্পবুদ্ধিরই কথা; যেহেতু অচিন্ত্যশক্তিবলে নিঃশ্বাসও অক্ষররাশি-স্বরূপে পরিণত হইতে পারে। আমাদের প্রাণের ন্যায় ত আর তাঁহার প্রাণ বায়ুরূপ নহে, কিন্তু ঈশ্বরত্ববশতঃ উহা হইতে সর্ব্বথা বিলক্ষণই বটে; তাহাতে কি অনুপপন্ন হইল হে? আর এক কথা—স্যাদ্বাদে জলাদিরও কোনও প্রকারে অগ্ন্যাদি-রূপত্ব, বিজ্ঞানবাদে বিজ্ঞানের ঘটাদি বস্তুর আকারত্ব এবং আরম্ভবাদে বহুত্ব সংখ্যার কার্য্যস্থূলতা প্রাপ্তি প্রভৃতি যাহাদের মত,

তাহারা ঈশ্বরের অবিচিন্ত্য নিঃশ্বাসেরই অক্ষররাশিস্বরূপত্ব স্বীকার করিতে লজ্জা করে কেন ?

(১৫) বৈদিক একদেশীর (মীমাংসকের) মত নিরূপণ করিতেছেন। প্রথমতঃ পূর্ব্বপক্ষ—'বেদ পৌরুষেয়ই হইবে, যেহেতু স্মৃতিশাস্ত্রবৎ উহাও ত শাস্ত্রই এবং উহাতে কাঠকাদি সংজ্ঞা বিদ্যমান আছে।' এই পূর্ব্বপক্ষের খণ্ডনে কোনও কোনও কর্ম্মজড় মীমাংসক ব্যক্তি এইরূপে বেদের অপৌরুষেয়ত্ববাদ স্থাপনা করে। তাহাদের যুক্তি দেখাইতেছেন—তাহারা বেদাধ্যয়নকে সামান্য পক্ষ করিয়া গুরুর নিকট হইতে উহার অধ্যয়ন হয় বলিয়া বেদের অপৌরুষেয়ত্বই সিদ্ধ করে।

(১৬) বেদের অনিত্যত্ববাদী তার্কিকগণকে তাহাদের উক্তি দ্বারাই নিরসন করিতেছেন তাহাদের যুক্তি এই—বেদ নিত্য হইতে পারে না, যেহেতু উহা শব্দরাশিময়; 'এই খ উৎপন্ন হইল, এক্ষণে ককার নষ্ট হইল'' ইত্যাদি বুদ্ধি আনয়ন করে বলিয়া শব্দও আবার অনিত্যই নিঃসন্দেহে বলা যায়। এক্ষণে উত্তর দিতেছেন—শব্দের তৃতীয়ক্ষণে ধ্বংস হয় বলিয়া যে তার্কিকগণের অভিমত, তাহাও ভ্রান্তই। বস্তুতঃ নিত্য শব্দের তিরোভাবই যুক্তিযুক্ত। ইহার প্রয়োগ এইরূপ—শব্দ নিত্য, যেহেতু ইহা নিত্যাকাশগুণময়, যেমন আকাশস্থ মহাপরিমাণ। ব্যতিরেকে ঘটাদিস্থিত হ্রস্বত্বাদিবৎ অর্থাৎ ঘটের অভাবে যেমন তত্রত্য হ্রস্ব পরিমাণাদিরও নির্ণয় হয় না, কিন্তু মহাকাশের অভাব কেহ কদাপি কল্পনা করিতে পারে না। যদি ইহা অনিত্যই হয়, তবে 'শব্দগুণময় আকাশ' এই লক্ষণেরই অসিদ্ধি হইয়া পড়ে। মোট কথা—বায়ুর প্রেরণ ও অপ্রেরণ দ্বারাই শব্দের অভিব্যক্তি বা অনভিব্যক্তি হইতে পারে, কিন্তু স্বরূপের বিনাশরূপ ধ্বংস হইতে পারে না। ঘটটি যদি গৃহ-মধ্যে

নিহিত থাকে, তবে কি তাহার ধ্বংস হইয়াছে বলিতে হয়? কাজেই শব্দমাত্রেরই নিত্যত্ব সিদ্ধ হইল।

(১৭) এক্ষণে ঈশ্বর ও বেদের যথাযথ **স্বরূপ** নিরূপণ করিতেছেন। শ্রুতির নির্দ্দেশ-মতে ঈশ্বর বিভু বিজ্ঞানানন্দস্বরূপ, কিন্তু বিদ্যোপাধিক সত্ত্বতনু ঈশ্বর পদ বাচ্য নহে। এ বিষয়ে শ্রুতি প্রমাণ আছে "বিজ্ঞান ও আনন্দস্বরূপই ব্রহ্ম", "মহান্ বিভু আত্মা" ইত্যাদি। ঐ ঈশ্বরও যে আবার মূর্ত্ত, তাহা এই "বিজ্ঞানঘন, আনন্দঘন" ইত্যাদি শ্রুতি হইতেই অবগত হওয়া যায়। কঠিনার্থেই ঘন-শব্দ ব্যাকরণেও নির্দ্দিষ্ট হইয়াছে। ঐ মূর্ত্তিও কিন্তু অচিন্ত্যশক্তি-বলেই নিষ্পন্ন হইয়াছে বলিতে হইবে—যেহেতু শ্রুতি বলিতেছেন যে "ঐ অচিন্ত্যশক্তি পুরাণ পুরুষ" - ইত্যাদি।

(১৮) সেই ভেদ-রহিত (সজাতীয়, বিজাতীয় বা স্বগত ভেদ-শূন্য) ঈশ্বরই আবার দেহদেহিভাবে এবং গুণগুণিভাবে পণ্ডিতগণের নিকটেও প্রতীয়মান হয়েন। সত্তা বিদ্যমান আছে, কাল সর্ব্বদা আছে, ইত্যাদি বাক্যে সত্তাদির আশ্রয় সত্তাদিবৎ (অর্থাৎ সত্তা আছে, যেমন "ঘটটি পট নহে" এই বচনে ঘটের ভেদ পটে প্রতিভাত হয়, সেই প্রতীত পটাত্মক ঘট-ভেদেরও 'ঘটভেদবান্ পটঃ" এই পট হইতে ভেদই প্রতীত হয়। কাল সর্ব্বদা আছে, এখানেও কালই কালের আধার; দেশ সর্ব্বত্র, এখানে দেশই দেশের আধার ইত্যাদি।) একথা বলিতে পার না যে সত্তা আছে ইত্যাদি বুদ্ধি ভ্রম, কারণ যেমন "সন্ ঘটঃ" অর্থাৎ বিদ্যমান ঘটটি বলিলে যেমন ইহার বিদ্যমানতা বুঝায় তদ্রূপ সত্তা আছে বলিলেও সত্তার বিদ্যমানতা বুঝায়; সুতরাং যেমন "ঘট আছে" এই প্রতীতি অবাধ, তদ্রূপ "সত্তা আছে" ইত্যাদি ব্যবহারেও কোন বাধা হইতে পারে না। আবার এই বিশেষকে আরোপও বলা চলিবে না, কেননা "বালকটি

সিংহ'' বলিলে যেমন বালকে সিংহের বলবীর্য্যাদি আরোপিত হয় মাত্র, বস্তুতঃ বালক ও সিংহ ভিন্ন বস্তু। "সত্তা সতী'' এই ব্যবহারে সত্তার ধর্ম্ম সত্তাতে আরোপিত নহে, অথবা পরস্পর পৃথকও নহে। যেমন বালকটি সিংহ নহে, এইরূপ "সত্তা সতী নহে'' এই ব্যবহার কোনও কালে হইবে না; কাজেই আরোপ নহে। আবার যদি বল 'সত্তা আছে'' এই বাক্যে যে একই সত্তার 'সত্তা' এবং 'আছে' এই দ্বিবিধ ব্যবহার দেখা যায়, ইহা তাহার একটি স্বভাবই বলিতে হইবে, কারণ সত্তার সত্তা ইত্যাদি হইলে অনবস্থা দোষ হইতে পারে; সুতরাং ঐ প্রকার অভেদে ভেদকে আমরা 'স্বভাব' বলিব। ইহার উত্তর দিতেছেন—না, তাহা বলা যায় না; কারণ তুমি যাহাকে এখানে 'স্বভাব' বলিতেছ, আমরা তাহাকেই 'বিশেষ' বলিতেছি। অতএব ভেদশূন্য বস্তুতে ভেদ-ব্যবহার 'বিশেষ' হইতেই হয়। 'বিশেষ' অর্থ ভেদের প্রতিনিধি, কিন্তু ভেদ নহে। ঐ বিশেষটিও আবার অর্থাপত্তিপ্রমাণ-বলে অবশ্যই স্বীকার করিতে হইবে; তাদৃশ বিশেষ স্বীকার না করিলে বিশেষণ-বিশেষ্য-ভাবাদি জ্ঞানও সম্ভব হয় না। ঐ বিশেষও কিন্তু বস্তু হইতে অভিন্নই এবং স্বনির্ব্বাহকই অর্থাৎ নিজেই নিজের ভানের কারণ; কাজেই অনবস্থা দোষের শঙ্কা নাই। (ঈশ্বর জ্ঞানানন্দাত্মক হইলেও জ্ঞান এবং আনন্দকে তাঁহার বিশেষণ অর্থাৎ গুণ বা ধর্ম্ম বলা হয়; ঈশ্বরের ধর্ম্মভূত জ্ঞানাদি ধর্ম্মী ভগবানের বাচক, ভগবচ্ছব্দের বাচ্য; ধর্ম্মীর সহিত ধর্ম্মের ভেদ থাকিলে, তাহা কখনই সম্ভব হইত না।) ধর্ম্মিগ্রাহক প্রমাণ-বলেই বিশেষের তাদৃশত্ব সিদ্ধ হইতেছে। জগৎকর্ত্তার সার্ব্বজ্ঞাদিবৎ অর্থাৎ যেমন ন্যায়মতে পৃথিবী-সমুদ্রাদিরূপ জগৎ সর্ব্বজ্ঞ ঈশ্বর কর্ত্তৃক-রচিত হইয়াছে, যেহেতু জীব এই প্রকার রচনা করিতে পারে না, আর ঐ জগৎ রচনাও একটা কার্য্যই বটে। এই প্রমাণে জগৎকর্ত্তারূপে সিদ্ধ ধর্ম্মী

ঈশ্বর ঐ অনুমান-বলেই কর্তৃত্বনির্ব্বাহক জ্ঞানেচ্ছাপ্রযত্নাদি ধর্ম্মবিশিষ্ট হইয়াই কার্য্য সমাধা করেন, পৃথিবীতেও জ্ঞানেচ্ছাযত্নবান্ লোকেরই কর্তৃত্ব দেখা যায়; তদ্রূপ ধর্ম্মিগ্রাহক অনুমান দ্বারা ইহাও স্বীকার করিতে হইবে যে, নির্ভেদ ব্রহ্মতত্ত্বে গুণগুণিভাবের প্রকাশ দৃষ্ট হইতেছে বলিয়া এবং তাদৃশ ধর্ম্মী বিশেষের স্বীকার ব্যতীত যখন গুণগুণিভাবের সামঞ্জস্য রক্ষা করা যায় না, তখন তাদৃশ ধর্ম্মী বিশেষ পদার্থ আছেই। বিশেষ জিজ্ঞাসা থাকিলে ভাষ্যপীঠক (১।১৫-২২) এবং বেদান্তস্যমন্তক (২।২৩) দ্রষ্টব্য

(১৯) **আশঙ্কা** এই যে জগতের মূলরূপে কীর্ত্তিত বিরিঞ্চিরও যখন নারায়ণই মূল বা আশ্রয়, তখন নারায়ণেরও ত কোনও মূল থাকিতে পারে। ইহার **উত্তর** দিতেছেন সেই পরম নারায়ণই সকল কার্য্যের মূল। "দেবগণের বিষ্ণুই মূল" ইত্যাদি বচনই এই বিষয়ে প্রমাণ। তাহার আবার মূল নাই, মূলের আবার কি মূল থাকে? মূল প্রকৃতির নিরূপণ-প্রসঙ্গে কপিলও বলিয়াছেন—মূলের মূলাভাব বলিয়া মূল অমূলই বটে। সকল মতেই মূলকারণ কোনও বস্তু স্বীকার্য্য, অন্যথা অনবস্থার হস্ত হইতে উদ্ধার পাওয়া যায় না। বিরিঞ্চি প্রভৃতির যে মূলত্ব, তাহা ভ্রান্ত মতই বুঝিতে হইবে, অতএব তাহাতে বাস্তবত্ব নাই—সুতরাং আমাদের নারায়ণই মূল তত্ত্ব।

(২০) এইভাবে ধর্ম্মী ঈশ্বরকে নিত্য বলিয়া প্রতীতি করাইয়া **বেদের নিত্যত্বও** প্রতিপাদন করিতেছেন—ঐ চতুর্ভুজ দেবতা নারায়ণ যেমন অচিন্ত্যশক্তিবলে স্ববিলক্ষণ হংসাদি মূর্ত্তিও পরিগ্রহ করেন, তদ্রূপ নিঃশ্বাসাংশেই তিনি অক্ষররাশিরূপে আবির্ভূত হইয়া অনাদিকাল হইতে প্রতিভাত হইয়া থাকেন; অতএব বেদের নিত্যত্ব সিদ্ধ হইল। ভাগবতে ষষ্ঠ স্কন্ধেও আছে—বেদ সাক্ষাৎ স্বয়ম্ভূ নারায়ণই ইহা আমরা শুনিয়াছি—ইত্যাদি।

(২১) বেদ নারায়ণ-স্বরূপ বলিয়া শব্দ-প্রমাণে তাঁহার নিত্যত্ব সাধিত হইয়াছে। এক্ষণে অনুমান-প্রমাণেও তাহারই সিদ্ধি করিতেছেন —ঐ বাচক বেদ যে প্রকার স্বর ও বর্ণ-স্বরূপে পূর্ব্ব কল্পে ঈশ্বর হইতে আবিভূ্র্ত হইয়াছিলেন, সেই ক্রমেই পরকল্পেও আবিভূর্ত হইয়াছেন; অতএব উহাঁর নিত্যত্ব স্বায়ম্ভুবাদি পণ্ডিতগণ স্বীকার করিয়াছেন। যুক্তি এইরূপ—বেদ নিত্য, কারণ একই ক্রমে প্রতিকল্পে আবির্ভূত হইয়া থাকেন। দৃষ্টান্ত—একস্বভাবেই মৎস্য কূর্ম্মাদি অবতার পুনঃ পুনঃ আবির্ভাব করিয়া থাকেন। যাহা প্রতিকল্পে স্বভাব পরিবর্ত্তন করে, তাহা নিত্য নহে; যেমন মুহুর্মুহু উৎপদ্যমান আমাদের দেহ ইত্যাদি।

(২২) অন্য প্রকারেও অনুমান দেখাইতেছেন। বেদ নিত্য, কারণ ইহাতে ইন্দ্রাদি শব্দের অর্থ (নিত্য) আকৃতির বাচক, যেমন গোত্বাদি বাচক গবাদি শব্দ। যাহা আকৃতি-বাচক নহে, তাহা নিত্যও নহে, যেমন যজ্ঞদত্তাদি শব্দ। গোত্বাদি জাতিবাচক শব্দ যেরূপ নিত্য, তদ্রূপ ইন্দ্রাদির অর্থ ও আকৃতি নিত্যই। বিশ্বকর্ম্মার রচিত শাস্ত্রে ঐ সকল আকৃতি প্রসিদ্ধই আছে। "চিত্রকর্ম্ম প্রসিদ্ধির জন্য ইন্দ্রকে বজ্রহস্ত, বরুণকে পাশহস্ত ও যমকে দণ্ডহস্ত করিয়া চিত্রিত করিতে হয়" ইত্যাদি; ব্যক্তির উৎপত্তির পূর্ব্বেই স্থিত আকৃতির (জাতির) স্মরণ করিয়া বিরিঞ্চি পৃথক্ পৃথক্ ব্যক্তি রচনা করিয়াছেন; অতএব বেদস্থিত ইন্দ্রাদি-শব্দও নিত্য। অপর অনুমান বলিতেছেন—বেদ নিত্য, যেহেতু কালবৎ ইঁহারও কোনও কর্ত্তা নাই। যাহার কর্ত্তা আছে, তাহা নিত্য হইতে পারে না, যেমন আধুনিক কাব্যাদি। শব্দের অনিত্যত্ববাদির মতে যজ্ঞদত্তাদি শব্দসমূহ ও আধুনিক কাব্যাদির নিয়মিত পূর্ব্ব পূর্ব্ব ক্রমের অভাব অর্থাৎ পূর্ব্বেও ঠিক এই জাতীয় হয় নাই বলিয়া অনিত্যত্ব বুঝিতে হয়। এক্ষণে আশঙ্কা এই—বেদ পুরুষ-কর্ত্তৃক রচিত হয় নাই বলিয়া যদি নিত্যই হয়, তবে

তাহাতে কাঠকাদি সংজ্ঞা দেখা যায় কেন? তবে বল যে 'কঠ-কর্ত্তৃক প্রোক্ত' এই অর্থে কাঠক শব্দ ব্যবহৃত হইয়াছে? উত্তর দিতেছি, শ্রবণ কর—কঠ-কর্ত্তৃক প্রোক্ত অর্থাৎ উচ্চারিত, রচিত নহে; কেননা তাহাতে নিত্যত্ব-শ্রুতির বাধা হয়। তাৎপর্য্য এই—মহাপ্রলয়ের অবসানে সর্ব্বেশ্বর আকৃতিবিজ্ঞ বিষ্ণু-কর্ত্তৃক সৃষ্ট ব্রহ্মা তাঁহার সাহায্যে বেদ অধ্যয়ন করিলেন এবং বৈদিক কঠাদি শব্দ হইতে তত্তদাকৃতি চিন্তা করিয়া করিয়া ঐ ঐ আকৃতির অনুসারে তজ্জাতীয় ব্যক্তিসমূহকে ঐ ঐ শক্তিযুক্ত করিয়া নির্ম্মাণ করিলেন এবং তদুপাধি জীবগণকেও ঐ ঐ গ্রন্থপ্রবর্ত্তনে নিযুক্ত করিলেন। তাঁহারাও ব্রহ্মাদি-কর্ত্তৃক প্রদত্ত জ্ঞান, শক্তি ইত্যাদি লাভ করিয়া পূর্ব্ব পূর্ব্ব কঠাদি কর্ত্তৃক প্রবর্ত্তিত ঐ বেদসমূহ স্বর ও বর্ণক্রমে অস্খলিত করিয়া অর্থাৎ যথাপূর্ব্ব পাঠ করিয়া প্রবর্ত্তন করেন, কাজেই বেদের নিত্যত্ব সিদ্ধ হইল। শ্রুতিতেও এই উক্তি আছে "যিনি প্রথমতঃ ব্রহ্মাকে সৃষ্টি করিয়া তাঁহার হৃদয়ে বেদশাস্ত্রের প্রবর্ত্তন করিয়াছেন"—ইত্যাদি। মহাভারতেও আছে—"যেমন বৎসরের ছয় ঋতুতে বিভিন্ন রূপ পর্য্যায়ক্রমে দৃষ্টিগোচর হয়, তদ্রূপ ঠিক সেই সেই রূপেই তাহারা যুগাদিতেও দৃশ্যমান হইয়া থাকে। যুগান্তে (প্রলয়ে) অন্তর্হিত ইতিহাসাদি বেদসমূহকে মহর্ষিগণ স্বয়ম্ভু ব্রহ্মা-কর্ত্তৃক আদিষ্ট হইয়া লাভ করিয়া থাকেন।" এইরূপে পুরাণাদিতেও মার্কণ্ডেয়াদি শব্দ নিত্য বলিয়াই বোদ্ধব্য।

(২৩) **বেদের নির্দ্দোষত্ব** প্রতিপাদন করিতেছেন—ভ্রম, প্রমাদ, বিপ্রলিপ্সা ও করণাপাটব—এই চারিটী জীবের দোষ। এক বস্তুকে অন্য বস্তু বলিয়া বোধ করার নাম ভ্রম। অনবধানতা—প্রমাদ। নিজ প্রতীত বস্তুরও বিপরীত বুঝাইবার চেষ্টা—বিপ্রলিপ্সা। ইন্দ্রিয়ের অপটুতা—করণাপাটব। জীবগণ শুক্তিকে রজত বলিয়া বিশ্বাস করে,

নিজ নিকটে জায়মান গীতও অন্যমনস্ক হইয়া শুনিতে পায় না ; জ্ঞানখল ব্যক্তিগণ স্বজ্ঞাত বিষয়ও শিষ্যগণের সমীপে প্রকাশ করে না ; আর মনোযোগ থাকিলেও ইন্দ্রিয়ের শৈথিল্যবশতঃ যথার্থরূপে বস্তুর উপলব্ধি করিতে পারে না। এই দোষ-চতুষ্টয় তাহাদের বাক্যেও সংক্রমিত হয়, সুতরাং কপিলাদির সিদ্ধান্তেও পরস্পর ব্যাহতি (বাধা বা বিরোধ) দৃষ্ট হয়। এই সকল দোষ কিন্তু বেদে নাই, যেহেতু ঐ বেদ ভগবদ্রূপ বলিয়া সর্ব্বজ্ঞ।

(২৪) এক্ষণে উক্ত নির্দোষত্বের হেতু নির্দেশ করিতেছেন—এই সর্ব্বজ্ঞ বেদ কারীর্য্য প্রভৃতি যে সাধনের যে বৃষ্টি প্রভৃতি ফল নির্দ্ধারণ করিয়াছেন—তাহাই নিপুণ ব্যক্তিগণ যথাযথভাবে অনুভব করিয়া থাকেন। বেদ বলেন—কারীর্য্য যজ্ঞে বৃষ্টি, পুত্রেষ্টি দ্বারা পুত্র, জ্যোতিষ্টোমে স্বর্গ ও জ্ঞানে মোক্ষ লাভ হয় ; এই সকল ফল যথার্থই দেখা যায়, অতএব বলিতে হইবে যে বেদ ভ্রমাদি-দোষচতুষ্টয়শূন্য।

(২৫) নিপুণ মহাজনগণের নামোল্লেখ করিতেছেন—বেদ নিত্য ও নির্দ্দোষ বিধায় ব্রহ্মাদি মহত্তম দেবগণ, বশিষ্ঠাদি মহর্ষিগণ ও মনু প্রভৃতি সংহিতাকারগণ সকলেই ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ ফলের নিমিত্ত বেদকেই আশ্রয় করেন এবং তদুক্ত বচন-সমূহের অনুষ্ঠান পূর্ব্বক যথাযথ ফলও পাইয়া থাকেন।

(২৬) এক্ষণে আশঙ্কা এই যে বেদ যদি এই প্রকারই হয়, তবে অর্হৎপ্রভৃতি ইঁহার অবমাননা করে কেন ? উত্তর বলিতেছেন—পূর্ব্বোক্ত মহত্তমগণ এবং ইদানীন্তন মহাজনগণ সকলেরই সমাশ্রিত হইলেও এই বেদকে যদি সৌগতাদি কোনও কোনও নরাধম জীবগণ পেচকের ভানুদর্শনবৎ অস্বীকারই করে—তবে কি এই বেদের অপূজ্যতা-স্বরূপ কিছু ক্ষতি হয় ? দেবমনুষ্য প্রভৃতি সকলেরই পূজ্য সূর্য্যকে যদি

বৃক্ষকোটরে লুক্কায়িত পেচক দর্শন না করে, তাহাতে কি সূর্য্যের প্রভাব-হানি হয়? ঐরূপ ঐ পামরদেরও কথা !!

(২৭) অর্হদাদির শাস্ত্র কল্পিত, অতএব তদুক্ত সাধনে সাধ্য প্রাপ্তি হয় না—ইহাই প্রতিপাদন করিতেছেন। অর্হৎ (জৈন)-মতে পদার্থ দ্বিবিধ—জীব ও অজীব। জীব চেতন, শরীর-পরিমাণ ও সাবয়ব। অজীব—পঞ্চবিধ ; ধর্ম্ম, অধর্ম্ম, পুদ্গল, কাল ও আকাশ। যাহা গতি-হেতু, তাহাই ধর্ম্ম ; যাহা স্থিতিহেতূ, তাহাই অধর্ম্ম ; উহা ব্যাপক। যাহার বর্ণ, গন্ধ, রস ও স্পর্শ আছে, তাহাই পুদ্গল ; উহা পরমাণুরূপ ও তৎসঙ্ঘাতরূপভেদে দ্বিবিধ। বায়ু, অগ্নি, জল, পৃথিবী, তনু ও ভুবনাদির নামই সঙ্ঘাত। পৃথিবী প্রভৃতির কারণভূত পরমাণুসকল চতুর্ব্বিধ নহে, উহারা একবিধই। উহাদিগের পরিণাম হইতেই পৃথিবী প্রভৃতি বিশেষ বিশেষ বস্তু। অতীতাদি ব্যবহারের নিদানই কাল। ঐ কাল অণুরূপ। আকাশ এক ও অনন্তপ্রদেশ। এই ষড়্‌বিধ পদার্থই দ্রব্যরূপ। নিখিল জগৎই তদাত্মক। তন্মধ্যে অণু ভিন্ন অন্য পঞ্চ পদার্থ 'অস্তিকায়' শব্দে ব্যবহৃত হয়, যথা জীবাস্তিকায় ইত্যাদি। ইহাতে জীবের মোক্ষোপযোগী সাতটি পদার্থ স্বীকৃত হয়, যথা—জীব, অজীব, আস্রব (ইন্দ্রিয়), সম্বর (অবিবেক), নির্জর (কাম, ক্রোধাদির দমন যাহার দ্বারা হয়, যেমন কেশোল্লুঞ্চন, তপ্তশিলারোহণ ইত্যাদি), বন্ধ (কর্ম্মাষ্টক দ্বারা জন্ম-মরণ-প্রবাহ) ও মোক্ষ। কর্ম্মাষ্টকের মধ্যে চারিটি পাপ-বিশেষ রূপ ঘাতি কর্ম্ম ও চারিটি পুণ্যবিশেষ রূপ অঘাতি-কর্ম্ম। ঘাতি কর্ম্ম দ্বারা জীবের স্বাভাবিক জ্ঞান, দর্শন, বীর্য্য ও সুখের নাশ হয় এবং অঘাতি কর্ম্ম দ্বারা তাহার দেহসংস্থান, তদভিমান, তৎকৃত সুখে দুঃখে অপেক্ষা এবং উপেক্ষার সিদ্ধি হয়। স্বশাস্ত্রোক্ত সাধনে উক্ত কর্ম্মাষ্টক হইতে বিমুক্ত জীবের স্বাভাবিক স্বরূপের আবির্ভাব হয়। তখন সে

ঊর্দ্ধগতি প্রাপ্ত হইয়া অলোকাকাশে স্থিতি বা মুক্তি লাভ করে। সম্যক্ জ্ঞান, সম্যক্ দর্শন ও সম্যক্ চারিত্র্য—এই তিনটি রত্নই ঐ মুক্তির সাধন। জৈনগণ সপ্তভঙ্গী ন্যায়দ্বারা এই পদার্থসমূহ স্থাপন করে, যথা—১। স্যাদস্তি, ২। স্যান্নাস্তি, ৩। স্যাদবক্তব্যঃ, ৪। স্যাদস্তি চ নাস্তি চ, ৫। স্যাদস্তি চাবক্তব্যশ্চ, ৬। স্যান্নাস্তি চাবক্তব্যশ্চ, ৭। স্যাদস্তি চ নাস্তি চাবক্তব্যশ্চ। সকল পদার্থেরই সত্ত্ব, অসত্ত্ব, সদসত্ত্ব, সদসদ্বিলক্ষণত্ব, সত্ত্ব থাকিয়া তদ্বিলক্ষণত্ব, অসত্ত্ব থাকিয়া তদ্বিলক্ষণত্ব এবং সদসত্ত্ব থাকিয়াও তদ্বিলক্ষণত্ব এইরূপ বাদিভেদে পদার্থবিষয়ে সপ্ত নিয়ম মানিতে হয়।

এক্ষণে উক্তমকে দোষ দিতেছেন এই মত কেহ কোথাও বিশ্বাস করে নাই, যেহেতু ইহা মালতীমাধবাদি নাটকবৎ কেবল কল্পনা-দ্বারাই নিবদ্ধ হইয়াছে। এই মতবাদিদের কোনও মোক্ষ-চিহ্নও দেখা যায় না; যেহেতু তাহাদিগকে দেখিলে নারকী বলিয়াই মনে হয়। ভাবক্ষণিক বাদী বৌদ্ধগণ-সম্বন্ধেও এই কথাই। অতএব কল্পিত মত সমূহই এই প্রস্তাবে নিরাকৃত হইল।

ইতি নাস্তিক-নিরাস নামক প্রথম প্রভা ॥ ১ ॥

দ্বিতীয় প্রভা

(১) অতঃপর ইতিহাস ও পুরাণাদিতে বিষ্ণুভক্তিসূচক বাক্য-নিচয় দর্শন করিয়া অতিখিন্ন এবং ঐ বাক্যসমূহ অবৈদিক বলিতে প্রয়াসী মীমাংসকগণের একদেশবাদিরূপ কতিপয় **নাস্তিককে** নিরসন

করিতেছেন। তাহাদের যুক্তি এই—ইতিহাস ও পুরাণ বেদ হইতে পারে না। তাহার কারণ এই যে "সত্যবতীনন্দন ব্যাস অষ্টাদশ পুরাণ রচনা করিয়া বেদার্থসমূহদ্বারা সমৃদ্ধ ভারত আখ্যান (ইতিহাস) রচনা করিয়াছেন", স্কন্দপুরাণে এই উক্তি এবং মৎস্যপুরাণে ইতিহাস ও পুরাণের ব্যাসকর্তৃকত্ব স্পষ্টতঃ উল্লেখ আছে; অতএব ইতিহাস ও পুরাণ বেদ হইবে কেন? তাহার উত্তরে বলিতেছেন যে বাচক বেদের যে ইতিহাস ও পুরাণ নামক অংশ আছে, তাহাও কর্তৃত্ববর্জ্জিত অর্থাৎ অপৌরুষেয় বলিয়াই জানিবে। ব্যাসদেব পুরাণ ইতিহাসাদি প্রকট করিয়াছেন ইহাই পণ্ডিতদের অভিমত। স্কন্দপুরাণীয় শ্লোকের তাৎপর্য্য এই—ব্যাস অষ্টাদশ পুরাণ প্রকট করিয়া ইতিহাস পুরাণাদিও প্রকট করিয়াছেন। নতুবা শ্রুতির মুখ্যার্থের বাধা হইবে। অপর কথা—ব্রাহ্মণ (বেদের অংশবিশেষ) অর্থাৎ ইতিহাস পুরাণাদি যে সকল গ্রন্থ আছে, তাহাদের ব্রহ্মযজ্ঞ (বেদাধ্যাপনা) বা বেদাধ্যয়নে বিনিয়োগ থাকায় ইতিহাস ও পুরাণাদির বেদত্ব সিদ্ধ হইল; বেদের পূরণ করে—এই নিরুক্তি মতে ইহার পুরাণত্বও যথার্থই হইয়াছে। স্বর্ণকঙ্কণ ন্যূন হইলে কি কেহ সিসাদ্বারা তাহার পূরণ করে? যেহেতু স্বর্ণের অভাব স্বর্ণদ্বারাই পূরণ করা বিধেয়। এই অভিপ্রায়েই স্কন্দপুরাণে উক্ত হইয়াছে—"যে ব্রাহ্মণ শিক্ষাকল্পাদি * ছয় বেদাঙ্গ ও উপনিষৎসহ বেদ-চতুষ্টয় অবগত আছেন, অথচ পুরাণ-সম্বন্ধে কিছুই পরিজ্ঞাত নহেন—তিনি ত বিচক্ষণ নহেন।"

(২) পুনরায় **আশঙ্কা** হইতেছে যে যদি ইতিহাস পুরাণাদি অংশগুলিও বেদই হয়, তবে ঐ অনাদি বেদে মার্কণ্ডেয় প্রভৃতি সংজ্ঞা (নাম) কিরূপে সম্ভব হয়? তাহার **উত্তর** দিতেছেন—বেদে

* **শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, জ্যোতিষ ও ছন্দঃ—এই ছয়টি বেদাঙ্গ।**

যেরূপ কাঠকাদি সংজ্ঞা বর্ত্তমান আছে এবং তাহাতে **কঠ-কর্ত্তৃক** উচ্চারিত—এইমাত্র বুঝায়, তদ্রূপ ইতিহাসাদিতেও মার্কণ্ডেয় প্রভৃতি কর্ত্তৃক উচ্চারিত—এই তাৎপর্য্যই নির্ণীত হইল।

(৩) পুনরায় **আপত্তি** এই যে বেদে যখন শূদ্রের অধিকার নাই, তখন ইতিহাস ও পুরাণরূপ বেদাংশে কিরূপে শূদ্রের অধিকার হইতে পারে? তাহার **উত্তর** দিতেছেন - কখনও (স্থলবিশেষে) বেদে এবং ইতিহাসাদিতে শূদ্রেরও অধিকার আছে বলিয়া পরিদৃষ্ট হয়। "বর্ষাকালে রথকার অগ্নিদ্বারা আধান করিবে'—এই বিধিরূপ বেদের নির্দ্দেশ থাকায় কেবলমাত্র 'আধান'-কার্য্যেই রথকারের অপেক্ষা দেখা যায় এবং 'ঋভূণাং ত্বা দেবানাং' ইত্যাদি আধানাঙ্গভূত মন্ত্রমাত্রে সুধন্বা নামক অদ্বিজ সঙ্করজাতি রথকারের অধিকারও বিদ্যমান আছে। তাহা না হইলে পূর্ব্বোক্ত বিধিবাক্যের ব্যাকোপ (বিনাশসাধন) করিতে হয়। স্পষ্টতঃই দেখা যায় যে কেবলমাত্র ঐ আধান মন্ত্রের উচ্চারণ-বিষয়ে এবং ঐ কার্য্যেই মাত্র রথকারের অধিকার দেওয়া আছে কিন্তু তৎপরবর্ত্তী কার্য্যে বা অধ্যয়নে তাহার অধিকার নাই; অতএব পূর্ব্বোক্ত বিধিবাক্যে তাহার নির্দ্দেশ থাকায় বেদের ঐ ভাগেই মাত্র তাহার অধিকারও নির্দ্দিষ্ট হইয়াছে, কিন্তু অন্যান্য মন্ত্রে তাহার অধিকার নাই। এইরূপ 'নিষাদস্থপতি দ্বারা যাগ করাইবে' এই বাক্যেও নিষাদ হইতে অভিন্ন (নিষাদ-জাতীয় স্থপতিরই কেবল এই যজ্ঞে এবং তদঙ্গ মন্ত্রে অধিকার সূচিত হইয়াছে; কিন্তু তদতিরিক্ত পাঠে বা তত্রত্য কর্ম্মে তাহার অধিকার নাই। কাজেই সমগ্র বেদে অধিকার না থাকিলেও শূদ্রের তদংশ ইতিহাস-পুরাণাদিতে অধিকার নির্দ্দিষ্ট হইল।

ইতি ইতিহাসপুরাণাদির পৌরুষেয়ত্ববাদ-নিরসনরূপ

দ্বিতীয় প্রভা

তৃতীয় প্রভা

(১) এইরূপে দুর্বুদ্ধিগণ-কর্ত্তৃক অর্পিত ইতিবাস পুরাণাদির অবেদত্বরূপ শঙ্কা-পঙ্ক প্রক্ষালিত হইলেও কোনও কোন শৈবাদি ব্যক্তি বেদ স্বীকার করিলেও কিন্তু বিষ্ণুর পরতমত্ব-নিরূপক শ্রীমদ্ভাগবতে বিদ্বেষ করিয়া আশঙ্কা করিয়া থাকে। তাহারা বলে—ঋগাদি অষ্টাদশ পুরাণান্ত বেদের সম্বন্ধে তুমি যে সকল হেতু (যুক্তি) দেখাইয়াছ, তাহাতে তাহাদের নিত্যত্ব না হয় আমরা স্বীকার করিলাম, কিন্তু শুক-পরীক্ষিত-সম্বাদ-রূপে পৃথিবীতে সম্প্রতি যাহা 'শ্রীমদ্ভাগবত'' নামে প্রচলিত আছে, তাহা অষ্টাদশ পুরাণের অতিরিক্ত হওয়ায় বেদস্বরূপ হইতে পারে না।

(২) তাহাদের যুক্তি এইরূপ—মৎস্য ও স্কন্দপুরাণের উক্তি-অনুসারে অষ্টাদশ পুরাণ প্রকট-করণানন্তর প্রভু ব্যাসদেব মহাভারত প্রকট করিয়াছেন। প্রথম স্কন্ধে শ্রীব্যাসনারদসংবাদে আছে—ভারত প্রকট করিয়াও অপরিতুষ্ট ব্যাসদেব নারদের উপদেশে নিজ পরিতোষকর শুক-পরীক্ষিতসংবাদযুক্ত শ্রীভাগবত প্রকট করিয়াছেন। তাহাতে বুঝা যায় যে শ্রীমদ্ভাগবত অষ্টাদশ পুরাণের অন্তর্গত হইতে পারে না, কিন্তু বিষ্ণু-ধর্ম্মোত্তরাদির ন্যায় অষ্টাদশ পুরাণের অতিরিক্ত, অতএব উহা বেদস্বরূপ হইবে না। অষ্টাদশ পুরাণান্তর্গত ভাগবত কিন্তু প্রচলিত ভাগবত হইতে অন্য গ্রন্থই হইবে এবং উহারই বেদরূপত্ব স্বীকৃত হইতে পারে।

(৩) এক্ষণে উক্ত মতের **পরিহার** করিতেছেন – অষ্টাদশ পুরাণের অন্তর্গত শ্রীভাগবতের যে লক্ষণ ও যে সংখ্যা মৎস্য-পুরাণাদিতে উক্ত হইয়াছে, তাহাতে এই প্রতীয়মান হয় যে শুকভাষিত শ্রীভাগবতই অষ্টাদশ পুরাণান্তগত, অন্য কোন গ্রন্থই নহে! মৎস্যপুরাণে

—"যাহাতে গায়ত্রীকে লক্ষ্য করিয়া বিবিধ ধর্ম্ম বর্ণিত হইয়াছে এবং যাহাতে বৃত্রাসুরের বধ-কথা রহিয়াছে তাহাই শ্রীভাগবত বলিয়া নিরূপিত হইয়াছে। সারস্বত কল্পমধ্যে যে সকল মানুষ এবং দেবতা মর্ত্ত্যধামে লীলা করিয়াছেন, তাঁহাদের বৃত্তান্তযুক্ত গ্রন্থই পৃথিবীতে ভাগবত-নামে কথিত হয়। এই পুরাণে আঠার হাজার শ্লোক আছে"... ইত্যাদি। স্কন্দপুরাণে "আঠার হাজার শ্লোকযুক্ত দ্বাদশ স্কন্ধবিশিষ্টই ভাগবত। ইহাতে হয়গ্রীব-ব্রহ্মবিদ্যা, বৃত্রবধাদি বর্ণিত আছে। গায়ত্রী দ্বারাই এই ভাগবতের প্রারম্ভ হইয়াছে" ইত্যাদি। এইরূপ পদ্মপুরাণ বরাহপুরাণ এবং ব্রহ্মাণ্ডপুরাণাদিতেও শ্রীমদ্ভাগবতের লক্ষণ এবং সংখ্যা নিরূপিত হইয়াছে। অসাধারণধর্ম্মসূচক লক্ষণ দ্বারাই বস্তুর পরিচয় হয়, ব্যুৎপত্তি-মাত্রেই তাহার পরিচয় হইতে পারে না। গলকম্বলত্বাদি অসাধারণ লক্ষণ দ্বারাই গরুর পরিচয় হয়, তাহা না হইয়া "যে গমন করে, সেই গো." (গম্ ধাতু ডো প্রত্যয়দ্বারা সাধিত) এই ব্যুৎপত্তিমাত্রেই মহিষ উষ্ট্রাদিও গো-পদবাচ্য হইতে পারে ; অতএব অসাধারণ-লক্ষণান্বিত শ্রীমদ্ভাগবত না হইলে ভগবান্‌কর্ত্তৃক প্রোক্ত বা ভগবদ্বিষয়ক যে কোন শাস্ত্রই ভাগবত হইতে পারে !! বস্তুতঃ তাহা হইতে পারে না। মৎস্যপুরাণাদিতে প্রোক্ত 'অষ্টাদশ পুরাণের পরে ভারত ও তৎপরে শ্রীভাগবতের প্রাকট্যের উল্লেখ দেখিয়া পামরগণ যে অন্য শঙ্কা করে অর্থাৎ কোনও সুধী মহাজন এই গ্রন্থ রচনা করিয়াছেন, শ্রীব্যাসদেব রচিত ভাগবত অন্য গ্রন্থই হইবে ইত্যাদি—তাহাও অগ্রে পরিহার করিব।

(৪) এক্ষণে **আশঙ্কা** "অষ্টাদশ পুরাণের পরে মহাভারত প্রকটিত হইয়াছে এবং মহাভারতের পরে শ্রীনারদের উপদেশে শ্রীমদ্ভাগবত প্রকটিত হইয়াছে"—তোমার এই উক্তিতে দুইটী ভাগবতই বুঝা যায়। তাহা হইলে বস্তুতঃ পুরাণ-সংখ্যা উনিশই বলিতে হয়। অপর কথা—

ভারতের পরবর্ত্তী ভাগবতের লক্ষণ ও সংখ্যা মৎস্যাদি পুরাণ-প্রমাণে প্রতীত হইল বটে, কিন্তু ভারতের পূর্ব্ববর্ত্তী ভাগবতের লক্ষণ ও সংখ্যা কি কি বল ?

এক্ষণে এই আশঙ্কার **সমাধান** করিতেছেন—"পূর্ব্বে ভগবান্ স্বীয় নাভিপদ্মে স্থিত ভবভীত ব্রহ্মাকে করুণাপরবশ হইয়া ইহা সম্যক্‌রূপে প্রকাশ করিয়াছেন—" দ্বাদশ স্কন্ধের (১৩।৮) এই বচনানুসারে জানা যায় যে ব্রহ্মনারায়ণসংবাদরূপশ্রীভাগবতের যে ভাগ ভারতের পূর্ব্বে অষ্টাদশ পুরাণের মধ্যবর্ত্তী হইয়া আবির্ভাবিত ছিল, তাহাতে ব্যাস-নারদসংবাদরূপ তাহারই অপর ভাগ পূর্ব্বে আবির্ভূত হইয়াছিল না—এবং তৎপরে তাহাই প্রবেশ করান হইয়াছে বলিয়া একই ভাগবতের ঐ উভয় অংশ বলিয়া জানিবে। এই ভাগদ্বয়বিশিষ্ট ভাগবতের লক্ষণ ও সংখ্যাই মৎস্যাদি পুরাণে উক্ত হইয়াছে, ইহাছে আর সন্দেহ-লেশও থাকিতে পারে না। প্রথম স্কন্ধে শ্রীসূতও এই অভিপ্রায়েই বলিয়াছেন—"ব্যাসদেব প্রথমতঃ স্বয়ং ব্রহ্মনারায়ণসম্বাদরূপ এই ভাগবতী সংহিতা প্রকট করিয়া পরে নারদের উপদেশে তাহাই বিস্তারিত করত নিজ তনয় নিবৃত্তি-নিরত (সংসারবিরক্ত) মুনি শ্রীশুকদেবকে অধ্যয়ন করাইয়াছেন।" কাজেই বিবাদীর আশঙ্কা-সকল আকাশ-কুসুমবৎ মিথ্যাই প্রতীত হইল। ভারতের প্রারম্ভেও এতাদৃশ ব্যাপার পরিলক্ষিত হয়। আখ্যান-ব্যতিরেকে প্রথমতঃ ভারত ২৪ হাজার শ্লোকে বিরচিত হয়, তৎপরে আখ্যান সহিত ৫০ হাজার, তৎপরে তাহা হইতেও অধিক, তাহা হইতেও অধিক—ইত্যাদিরূপে ক্রমশঃ বিস্তৃত হইয়াছে ; কাজেই একই শ্রীমদ্ভাগবতের অষ্টাদশ পুরাণান্তর্গতত্ব ও পৌর্বাপর্য্যত্ব (অংশদ্বয়) বুঝিতে হইবে।

(৫) অন্য প্রকারেও অসঙ্গতি দেখান হইতেছে—পৌর্বাপর্য্য

(অর্থাৎ পূর্ব্বখণ্ড ও উত্তরখণ্ড)-রূপে প্রতীয়মান ভাগবতের কাল-বিবক্ষা এস্থলে কর্ত্তব্য নহে। ঐ প্রকারে ইতিহাস-পুরাণ-নিরূপণ-প্রসঙ্গে যদি ঐ কালেরই বিচার করিতে হয়, তবে ইদানীং পৃথিবীতে প্রচলিত মার্কণ্ডেয় এবং অগ্নিপুরাণেরও অষ্টাদশ পুরাণের অতিরিক্তত্ব কল্পনা করিতে হয়। মোট কথা—ভারতের পূর্ব্ববর্ত্তী অষ্টাদশ পুরাণ মধ্যে গণিত যে ভাগবত, তাহা অন্য এবং তৎপরবর্ত্তী শুকমুখোচ্চারিত ভাগবত অন্য—এই আশঙ্কাই যদি তোমার থাকে, তবে মার্কণ্ডেয় এবং অগ্নি-পুরাণের সম্বন্ধেও তোমার ঐ শঙ্কাই করিতে হইবে। কেননা, মার্কণ্ডেয়ের আরম্ভে—"হে ভগবন্। মহাত্মা ব্যাস কর্ত্তৃক বিমল শব্দে এবং নানাবিধ শাস্ত্রসমূহে পূর্ণ ভারতাখ্যান প্রোক্ত হইয়াছে—ইত্যাদি অতএব হে ভগবন্! এই নানার্থশোভিত বহুবিস্তৃত ভারতাখ্যান যথার্থতঃই জানিতে ইচ্ছা করিয়া তোমার নিকট আসিয়াছি।" এই বলিয়া জৈমিনিকৃত চারিটী প্রশ্ন উত্থাপন করিয়া মার্কণ্ডেয়-পুরাণ-কথা অবতারিত হইয়াছে। তাহা কিন্তু ভারতের পশ্চাৎ না হইলে কিছুতেই সম্ভবপর হইতে পারে না, অতএব মার্কণ্ডেয় অষ্টাদশ পুরাণের বহির্গত। এইরূপে অগ্নিপুরাণেরও প্রারম্ভে— "হে সূত! তুমি আমাদের পূজিত, আমা-দিগকে সারাৎসার তত্ত্ব বল" শৌনক-কর্ত্তৃক এই ভাবে সূত পৃষ্ট হইয়া প্রথমতঃ বলিলেন—"অব্যয় পরমেশ্বর ভগবান্ বিষ্ণুই সারাৎসারতর বস্তু"—ইত্যাদি। তৎপরে পুরাণ-কথার অবতারণা করিয়া সেই সেই বিদ্যার সার বলিতে বলিতে "প্রসঙ্গক্রমে গ্রন্থমধ্যে গীতাসারও বলিতেছি" এই প্রতিজ্ঞা করিলেন পবং "দৈবী হ্যেষা গুণময়ী" ইত্যাদি গীতার কতকগুলি পদ্য বলিলেন। যদি কেবল উহার অর্থমাত্র-বলাতেই তাৎপর্য্য থাকিত, তবে আর শ্লোকগুলিই যথাযথ উচ্চারণ করিবেন কেন? কাজেই অগ্নিপুরাণও অষ্টাদশ পুরাণের বহির্ভূতই হইল;

অতএব এই সিদ্ধান্তই সুস্থির হইল যে ভাগবত, মার্কণ্ডেয় ও অগ্নি—এই পুরাণত্রয়ের কালবিরক্ষা নাই এবং অষ্টাদশান্তর্বর্তিত্বই বটে। এইভাবে প্রমাণিত হইল যে ইতিহাস পুরাণাদি সকলই অনাদিসিদ্ধ; "ব্যাসদেব তাহাদিগকে প্রকটমাত্রই করিয়াছেন"- একথা যেন ভুল না হয়।

ইতি ভাগবতের অষ্টাদশপুরাণাতিরিক্তত্ববাদনিরাসনামক তৃতীয় প্রভা

চতুর্থ প্রভা

(১) এইরূপে শুক-পরীক্ষিৎসংবাদরূপ শ্রীভাগবতের অষ্টাদশ-পুরাণান্তর্গত মহাপুরাণত্ব প্রতিপাদন করিয়া কেবলমাত্র শাক্তগণকৃত অন্যান্য **আশঙ্কা** ও নিরসন করিতেছেন। দেবীপুরাণের প্রথম পদ্য এই—'দেবী শিবাকে ও ভাগবত শর্ব্বকে (মহাদেবকে) প্রণাম করিয়া প্রাচীনকালে ঋষিগণ-কর্তৃক প্রোক্ত পুরাণকথা সম্যক্ প্রকারে বলিব।" এই বাক্যের ভাগবত শব্দের ব্যাখ্যান্তর করিয়া অর্থাৎ "ভগবতীর এই শাস্ত্র" এই অর্থে ভাগবত-পদ নিষ্পন্ন করত দেবীপুরাণকেই ভাগবত বলিতে প্রয়াসী দ্বেষিগণ নিজমূঢ়তাই প্রকৃষ্টরূপে বিস্তার করে। তাহারা বলে যে এই দেবীপুরাণরূপ ভাগবতের লক্ষণ ও সংখ্যাই মাৎস্যে উক্ত হইয়াছে, কিন্তু পৃথিবীতে প্রচলিত শ্রীশুকপ্রোক্ত ভাগবতের লক্ষণাদি মৎস্যপুরাণে লিখিত হয় নাই।

(২) এক্ষণে তাহাদের মূঢ়তার বিষয় বলিতেছেন—মৎস্য ও স্কন্দপুরাণে যাহার লক্ষণে গায়ত্রী দ্বারা প্রারম্ভ-বর্ণনা হইয়াছে এবং যাহার শ্লোকসংখ্যা আঠার হাজার নিরূপিত হইয়াছে, তাহাই পদ্মপুরাণাদিতে শুকপ্রোক্ত বলিয়া গ্রাহ্য, কিন্তু দেবীপুরাণ নহে; যেহেতু ঐ দেবীপুরাণে মাৎস্যাদিতে উক্ত লক্ষণ ও সংখ্যাদি নাই, বস্তুতঃ তাহার বিপরীত কথাই

দৃষ্ট হয়। দেবীপুরাণের লক্ষণ হইতেছে—বিজয়, ত্রৈলোক্যের অভ্যুদয় (মঙ্গল) ও শুম্ভনিশুম্ভ-বধাদি পাদত্রয়-বিশিষ্টত্ব। তাহার শ্লোকসংখ্যাও এক লক্ষ। শ্রীশুক-পরীক্ষিত-সম্বাদ উহার কুত্রাপি নাই ; অপর কথা—উহার অধ্যায়-সমাপ্তিতে এবং অন্যান্য নিবন্ধসমূহে উহার উদাহরণ-প্রসঙ্গে দেবীপুরাণ-নামেই সমাপ্তি ও উদাহরণ দৃষ্ট হয়, কিন্তু ভাগবত-নামে নহে ; অতএব দেবীপুরাণকে ভাগবত বলিয়া যাহারা ঘোষণা করে, তাহারা শুকপ্রোক্ত ভাগবতের বিদ্বেষী এবং বিমূঢ়ই বলিয়া পরিজ্ঞাত হয়। ইহা দ্বারা "হেমসিংহযুক্ত পুরাণ দান করিবে।' এই বাক্যস্থ সিংহ শব্দের অর্থান্তর করিয়া 'সিংহবাহিনীত্ব'-লক্ষণে দেবীপুরাণের শঙ্কাও নিরস্ত হইল। উক্ত বচনে "বাহনযুক্ত পুরাণ দান কর্ত্তব্য" এই কথা ত আর বলা হয় নাই, কিন্তু জল, ধেনু প্রভৃতির সহিত গ্রন্থ-দানের ব্যবস্থা আছে। অতএব 'সিংহ' শব্দে 'সিংহাসনই' বুঝিবে। পুস্তকাধার-রূপে ঐ সিংহাসনের আবশ্যকতা আছে এবং ভীম বলিতে যেমন ভীমসেনই বুঝায়, তদ্রূপ নামের একদেশেই পূর্ণ নামের উপলব্ধি হইতে পারে। কেহ কেহ বলেন যে পুস্তকাধারের চারি চরণে স্বর্ণনির্ম্মিত সিংহ বিরাজ করে, সেই আধার সহিত পুরাণ দান বিধেয় ইত্যাদি।

(৩) পূর্ব্বোক্ত 'প্রণম্য চ' ইত্যাদি বাক্যে দেবীপুরাণের ভাগবতত্ব ভ্রান্তি নিরাস করত ঐ বাক্যের বাস্তবার্থ দেখাইতেছেন—ঐ পদ্যে 'ভাগবত' শব্দ 'শর্ব্ব' শব্দের বিশেষণ-রূপে ব্যবহৃত এবং 'তথা' এই শব্দ দ্বারা উহার ব্যবধান হইয়াছে বলিয়া ভাগবত শব্দটি পুরাণ শব্দের বিশেষণ নহে। শর্ব্ব যে ভাগবত (ভক্ত), তাহারও প্রমাণ আছে গারুড়ে দ্বিতীয়াধ্যায়ে তাঁহারই বাক্য—"আমি ভস্মদ্বারা দেহ ব্যাপ্ত করিয়া জটামণ্ডলে শোভিত হইয়া সেই অব্যয় পরমাত্মা বিষ্ণুকে ধ্যান করি ; হে পিতামহ (ব্রহ্মা) ! বিষ্ণুরই আরাধনা করিবার জন্য আমার এই

ব্রতাচরণ ইত্যাদি।" "ভগবতীর এই শাস্ত্র"- এই অর্থেও 'ভাগবত' পদ সিদ্ধ হয় না, যেহেতু 'স্ত্রীভ্যো ঢক্' এই সূত্রানুসারে 'অণ্' আগমের বাধা হইতেছে*। তাহাই যদি হইত, তবে এই বিষয়ক সর্ব্ব গ্রন্থই ভাগবত-পদ বাচ্য হইয়া পড়িবে; অতএব ভগবান্-কর্তৃক প্রোক্ত বা ভগবান্ই ইহার প্রতিপাদ্য দেবতা—এই অর্থে এই শুকভাষিত শাস্ত্রই বাচ্য পরমেশ্বরকে বুঝায় এবং ভাগবত শব্দও 'পঙ্কজ' শব্দবৎ যোগরূঢ় বলিয়া জানিবে।

(৪) পুরাণ-দানপ্রসঙ্গে কালীপুরাণে লিখিত আছে—"এই কালিকা পুরাণ মূল ভাগবত বলিয়া কথিত হইয়াছে।" এই বচন-প্রমাণে কোনও কালীভক্ত কালীপুরাণকেই অষ্টাদশান্তর্গত ভাগবত বলে এবং সম্প্রতি ভাগবত-রূপে পৃথিবীতে প্রচলিত গ্রন্থের অষ্টাদশান্তর্গতত্ব অস্বীকার করে; তাহাদিগকে নিরসন করিবার জন্য বলিতেছেন—ঐ উক্তিটী প্রমাদ ও দ্বেষ-বশতঃই হইয়াছে বলিয়া পণ্ডিতগণ স্থির করিয়াছেন; যেহেতু মাৎস্যে লক্ষণ ও সংখ্যা দ্বারা যে ভাগবত নিরূপিত হইয়াছে, তাহা কালীপুরাণ নহে; তাহাতে ঐ লক্ষণ ও সংখ্যা নাই। আবার পদ্মাদিপুরাণে বর্ণিত শ্রীশুকভাষিত ভাগবতের লক্ষণও ঐ কালী-পুরাণে নাই, অতএবই বলিতে হইবে যে ঐ উক্তি প্রমাদহেতু ও শ্রীভাগবতে বিদ্বেষবশতঃই কল্পিত হইয়াছে এবং যাহারা ঐ মত পোষণ করে, তাহারা বিমূঢ়।

(৫) অপর কথা—মাৎস্যে লক্ষণ ও সংখ্যা দ্বারা পুরাণসমূহই পৃথক্ করিয়া তাহাদের দান-মাহাত্ম্যও বলা হইয়াছে। এই কালীপুরাণ

---

* "ভগবতীর এই শাস্ত্র" এই অর্থে 'ভগবতী' শব্দ স্ত্রীলিঙ্গ বলিয়া 'অণ' না হইয়া 'ঢক্' হইবে এবং তাহাতে 'ভগবতীয়' পদই নিষ্পন্ন হইবে, 'ভাগবত' নহে।

উপপুরাণ-মধ্যে গণিত হওয়ায় মাৎস্যোক্ত শ্রীভাগবত ইহাই—এ কথা বলিলে মহামূর্খই হইতে হয়। আবার ঐ কালীপুরাণেই **অষ্টাদশ** উপপুরাণের কথা উল্লিখিত আছে। যথা—শৈব, বায়ব, বৈরিঞ্চ, বৈষ্ণব, কালিকা, মূল ভাগবত, সৌর, নারদীয়, মার্কণ্ডেয়, বহ্নিজ, ভবিষ্য, ব্রহ্মবৈবর্ত্ত, (ত্রয়োদশ) লিঙ্গ, বামন, কূর্ম্ম, মাৎস্য, গারুড় এবং স্কান্দ—যদি কালিকাপুরাণই মূল ভাগবত হয়, তবে লিঙ্গপুরাণের ত্রয়োদশত্ব সিদ্ধি হয় না অর্থাৎ লিঙ্গপুরাণ ত্রয়োদশ-সংখ্যা হইতে পারে না; অতএব যাহারা কালীপুরাণকে ভাগবত বলে, তাহারা নিতান্তই মূঢ়; কাজেই ভাগবতাখ্য উপপুরাণটি অন্য গ্রন্থ। সৌরপুরাণে 'ভাগ-দ্বয় সমন্বিতত্বই শ্রীমদ্ভাগবতের লক্ষণ বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে এবং এই ভাগবত সূর্য্যভক্তকে দান করিলে সর্ব্বরোগ-বিনির্ম্মুক্ত ও সর্ব্বপাপমুক্ত হইয়া বর্ষশত আয়ু লাভ হয়'—এই বর্ণনা আছে। কূর্ম্মপুরাণে উপপুরাণের সংখ্যাও দেওয়া হইয়াছে; কাজেই শৈবাদি শাস্ত্রসমুদয় পুষ্করপুরাণ, শিবরহস্য ও বিষ্ণু-ধর্ম্মোত্তরাদির ন্যায় উপপুরাণই। এই সকল শাস্ত্রে উক্ত ভাগবতই অন্য এবং ইহারই নিরসন-কল্পে শ্রীধরস্বামী (১।১।১) শ্লোকের টীকায় বলিয়াছেন যে "শ্রীমদ্ভাগবত পুরাণ অন্য কোনও গ্রন্থই হইবে" এই আশঙ্কা উচিত নহে।

ইতি দেবীপুরাণের ভাগবতত্ব-নিরাস-নামক চতুর্থ প্রভা ॥ ৪ ॥

পঞ্চম প্রভা

(১) এক্ষণে **আশঙ্কা** এই যে শ্রীধরস্বামিপ্রভৃতি মনীষিগণও যখন শঙ্কা করিয়াছিলেন, তখন ইদানীং প্রচলিত ভাগবত গ্রন্থ অপ্রামাণিকই হউক, শঙ্কাবীজ না থাকিলে শঙ্কাই বা আসিবে কেন?

ইহার পরিহার করিতেছেন—বেদাদিতেও বহু লোকের চির শঙ্কা আছে, অতএব বেদেরও অপ্রামাণ্য হউক না কেন? বৌদ্ধশাস্ত্রে বেদ ঋষি প্রণীত নহে, পরন্তু ভণ্ডবিরচিত বলিয়া আশঙ্কা করিয়াছে। জৈমিনি উহাতে কাঠকাদি সংজ্ঞা দেখিয়া বেদ কোনও মনীষি-কর্ত্তৃক রচিত বলিয়া আশঙ্কা করে। আচারমাধবেও স্মৃতিসমূহের অপ্রামাণ্য বলিয়াছে। আবার বেদবাচ্য ঈশ্বরের ও কালের অভাবই সাংখ্যবাদিরা সমর্থন করিয়াছে। কেবলাদ্বৈতবাদিগণ ঈশ্বরকে নির্গুণ পরমাত্মা বলিয়াই প্রতিপন্ন করিয়াছে। সাংখ্যমতেই বেদবাচ্য জ্যোতিষ্টোমাদি যজ্ঞে হিংসাদোষে দুষ্টত্বারোপ করিয়া তাহাদের অনুষ্ঠান করা অনুচিত বলিয়াছে। এইভাবে বেদের অপ্রামাণ্য ঘোষিত হইলেও কি বেদাদির সত্যই প্রমাণত্ব নাই? আবার ঐ সব মতও ত খণ্ডিত হইয়াছে। আর এক কথা—শঙ্কিত বস্তুর শঙ্কাপঙ্ক প্রক্ষালিত হইলে স্থূণানিখনন-ন্যায়ে * তাহার দৃঢ়তাই প্রমাণিত হয়; অতএব শঙ্কামাত্রেই বস্তুর অপ্রামাণ্য হইতে পারে না। অবাধিত শঙ্কাই কেবল প্রামাণ্যাভাব দ্যোতনা করে; কিন্তু বাধিত শঙ্কা তাহার প্রমাণত্ব সূচনা করে। এক্ষণে আর এক শঙ্কা এই যে মার্কণ্ডেয়াদিতে শঙ্কা নাই, অতএব উহারাই প্রমাণযোগ্য কিন্তু প্রচলিত শ্রীমদ্ভাগবতে শঙ্কা আছে বলিয়া উহার অপ্রামাণ্য হউক। ইহার উত্তরে বলিতেছেন যে এরূপ ভ্রম করিও না; মার্কণ্ডেয়াদিতে প্রস্তুত কথাই প্রধানভাবে বর্ণিত হওয়ায় তাহাতে দুর্মতিগণের বিশেষ বিদ্বেষ হয় না, অতএব শঙ্কাও নাই; শ্রীমদ্ভাগবত কিন্তু শ্রীকৃষ্ণৈকভক্তি-প্রতিপাদক এবং এতদতিরিক্ত অন্য ধর্ম্ম-নিরসনকারী, কাজেই ইহাতে

* পুনঃ পুনঃ চেষ্টা করিয়া যেমন খুঁটি পুতিতে হয়, তদ্রূপ পুনঃ পুনঃ যুক্তি-তর্কাদি দ্বারা কোনও দুরূহ বিষয়কে হৃদয়ঙ্গম করাইবার চেষ্টাকে 'স্থূণানিখনন' ন্যায় বলে।

তাহাদের সবিশেষ বিদ্বেষ হয় এবং তদুচিত শঙ্কাও হইতে পারে ; সুতরাং তাহাও নগণ্য বলিয়াই ধর্ত্তব্য। শঙ্কামাত্রেই যদি অপ্রামাণ্য স্বীকার করিতে হয়, তবে তুমি বেদ-কল্পতরুর মুলেই কুঠারাঘাত কর আর কি ?

(২) "কর্ম্ম করিতে করিতেই শতবর্ষ জীবন ধারণ করিবে।" "অহরহ সন্ধ্যা-উপাসনাই কর্ত্তব্য।" "যাবজ্জীবন অগ্নিহোত্র যজ্ঞ করা উচিত"। "যিনি দেবাগ্নি নির্ব্বাপিত করেন, তাঁহাকে বীরঘাতীই বলা যায়।" ইত্যাদি শ্রুতির বাক্যে যে সকল কর্ম্মের যাবজ্জীবন-কর্ত্তব্যতা নির্দ্দেশ করা হইয়াছে এবং যাহাদের ত্যাগে বীরঘাত-প্রত্যবায় হয় বলিয়া শুনা যায়—সেইসকল বর্ণাশ্রমাচারবিহিত কর্ম্মের ত্যাগ উপদেশ করিয়াছে বলিয়া ভাগবত বেদবিরুদ্ধ ; ভাগ প্রথমস্কন্ধে (৫।১৭) বলিয়াছেন—"স্বধর্ম্ম ত্যাগ করিয়া যদি কেহ হরিচরণকমল ভজন করিতে করিতে অপক্ক অবস্থাতেই সেই দেহপাত করিয়া যে স্থানেই যাউক না কেন, তাহাতে কি তাহার কোনও অকল্যাণ হইতে দেখা গিয়াছে ? আর স্বধর্ম্মে থাকিয়া ভজন করিয়াই বা কে কি পুরুষার্থ লাভ করিয়াছে ? একাদশ স্কন্ধেও আছে—"যিনি আমাকর্ত্তৃক বিহিত গুণদোষাদি এবং স্বকীয় সকল ধর্ম্মাদিও সম্যক্ ত্যাগ করত আমাকেই ভজন করেন সেই জনকেই সাধুশ্রেষ্ঠ বলিয়া জানিবে। এইভাবে অনেকস্থলেই কর্ম্মত্যাগই বিহিত বলিয়া কীর্ত্তিত হইয়াছে, প্রাচীননিবন্ধাবলিতেও এই বাক্যসমূহের উদাহরণ নাই বলিয়া বেদবিরুদ্ধ শ্রীভাগবত প্রমাণসহ নহেন।

(৩) এক্ষণে উক্ত আশঙ্কার **পরিহার** করিতেছেন—হে মূঢ় ! এরূপ আশঙ্কা করিও না। বেদেও অধিকারির পক্ষে কর্ম্মপরিত্যাগের বিধান আছে ; যথা—"এই কথা বিদ্বান্‌গণ বলিয়াছেন—হে কবষ-গোত্রীয় ঋষিগণ ! আমরা কেন অধ্যয়ন করিব ? আর কেনই বা যজ্ঞাদি করিব ? পূর্ব্বকালে অবিদ্বান্‌গণই অগ্নিহোত্র যজ্ঞ করিয়াছেন.

এই আত্মাকেই অবগত হইয়া ব্রাহ্মণগণ পুত্রবাসনা ও বিত্তবাসনা হইতে বিমুক্ত হইয়া ভিক্ষাটন করিয়া থাকেন; কর্ম্মদ্বারা অথবা ধনদ্বারা অমৃতত্ব লাভ হয় না, কিন্তু ত্যাগেই অমরত্ব প্রাপ্ত হওয়া যায়।" ইত্যাদি শ্রুতি পরিব্রাজকের ধর্ম্মাধিকার-সম্পর্কে নিত্য নৈমিত্তিক কর্ম্মাদি ত্যাগের বিধান দেখাইতেছে। এইরূপ মহাভারতেও মোক্ষধর্ম্মে পিতাপুত্রসম্বাদ প্রভৃতিতে নিবৃত্তির উপদেশ করত প্রবৃত্তি ত্যাগ করান হইয়াছে। সেইরূপ শুদ্ধভক্তির অধিকার-নিরূপণ-প্রস্তাবে কর্ম্মত্যাগের উপদেশ করিলে শ্রীভাগবত কিই বা অপরাধ করিয়াছেন হে? অতএব বলিতে হইবে যে তুমি মূর্খত্ববশতঃ ঐ কথা বলিয়াছ।

(৪) প্রাচীন নিবন্ধাদিতে শ্রীভাগবতের উদাহরণ ধৃত হয় নাই বলিয়া যে আপত্তি ছিল, তাহাও খণ্ডন করিতেছেন—প্রাচীন গৌড়কৃত সম্বৎসরপ্রদীপ-নামক স্মার্ত্তনির্ব্বন্ধে 'গৃহে ভাগবতের অভাব হইলে স্কান্দ-পুরাণের বচনে দোষ উল্লেখ করত কলিদোষের পবিত্রতা-বিধানের জন্য শ্রীমদ্ভাগবতের কতিপয় বচন লিখিব বলিয়া প্রতিজ্ঞা করিয়া ঐ নিবন্ধে বহু ভাগবতবচন উদ্ধার করিয়াছেন। অতিপ্রাচীন মধ্বমুনিও নিজভাষ্যে শ্রীভাগবতের রচন ধরিয়াছেন। প্রাচীন হেমাদ্রিও কলিধর্ম্মনির্ণয়-প্রসঙ্গে শ্রীভাগবতের একাদশ স্কন্ধের "আর্য্যগণ কলিকালকে প্রশংসা করেন" ইত্যাদি বহুবচন উদাহরণস্বরূপে উদ্ধার করিয়াছেন। বোপদেব 'মুক্তাফল' ও 'হরিলীলা' নামক দুইখানা নিবন্ধ এবং 'পরমহংসপ্রিয়া' নামে উহার এক টীকা রচনা করিয়াছেন—বিদ্যানিধি ভট্টাচার্য্য স্বকৃত 'সচ্চরিত-মীমাংসা" নামধেয় স্মার্ত্তনিবন্ধেও "হরিভক্ত দেবঋণ, ঋষিঋণ প্রভৃতি ঋণের দায়ী নহেন" প্রভৃতি শ্রীভাগবতের বচন গ্রহণ করিয়াছেন। লক্ষ্মীধর 'ভগবন্নামকৌমুদীতে', অনন্তদেব 'মথুরাতীর্থপ্রকাশে', বাচস্পতি 'ভক্তি-প্রকাশে' এবং মধুসূদন 'ভক্তিরসায়নে' শ্রীভাগবতের বচনাবলি

সংগ্রহ করিয়াছেন। বিষ্ণুপুরী-নামক যতীন্দ্রও শ্রীভাগবতের শ্লোকমালা দ্বারাই 'ভক্তিরত্নাবলী' নামক গ্রন্থ রচনা করিয়াছেন। অপ্যয়দীক্ষিত 'শিবতত্ত্ববিবেকে' "কর্ণবন্ধ করিয়া প্রস্থান করাই উচিত" ইত্যাদি ভাগবত বাক্যই লিখিয়াছেন। এইরূপে নির্ণয়সিন্ধুতে, চতুর্ব্বিংশতি-মত-ব্যাখ্যায়, শ্রাদ্ধময়ূখে, দিনকর-দ্যোতাদি বহু নিবন্ধ-মধ্যে শ্রীভাগবতের বাক্য উদ্ধৃত হইয়াছে। শ্রীভাগবতেরও বহু প্রাচীন টীকা আছে—চিৎসুখী, বিজয়-ধ্বজী, বিদ্বৎকামধেনু, সম্বন্ধোক্তি, তত্ত্বদীপিকা, শুকহৃদয়া. সুদর্শনী, মুনিভাব-প্রকাশিকা, ভাবার্থদীপিকা প্রভৃতি। অর্ব্বাচীন টীকাও বহুই আছে। এই সকল মহাবিদ্বান্‌গণ-কর্ত্তৃক অভ্যর্চ্চিত শ্রীমদ্ভাগবতের অস্বীকারে তুমি অতিশয় অজ্ঞ বলিয়াই পরিচয় দিতেছ !!

ইতি ভাগবতের অপ্রামাণ্য-নিরাস নামক পঞ্চমী প্রভা ॥ ৫ ॥

ষষ্ঠ প্রভা

(১) এই বেদসার সর্ব্বমান্য ভাগবতের ভয়ে **বামোপাসক** কয়েকজন নিজধর্ম্ম গোপন করত এইরূপ কল্পনা করে—মাৎস্য, স্কান্দ ও পাদ্মাদি হইতে ভাগবতের লক্ষণাদি পরিজ্ঞাত হইয়া অতি সূক্ষ্মবুদ্ধি দ্বিজবর বোপদেব ব্যাসের নাম দিয়া সংপ্রতি প্রচলিত শ্রীমদ্ভাগবত রচনা করিয়াছেন। ব্যাসকৃত ভাগবত অন্য গ্রন্থ। এই গ্রন্থ যদি ব্যাসদেব-রচিতই হইত, তবে ইহাতে গাঢ়বন্ধ ও পদলালিত্য থাকিত না, ব্যাসরচিত পদ্মপুরাণাদিতে ত শ্রীমদ্ভাগবতের ন্যায় গাঢ়বন্ধাদি দৃষ্ট হয় না ; কাজেই এই শ্রীমদ্ভাগবত নবীন (আধুনিক) হইবে।

(২) এক্ষণে এই মতের **নিরসন**-কল্পে বলিতেছেন—ছান্দোগ্য

ও ঐতরেয়াদি বেদে মহামহা দৃঢ়বন্ধ দৃষ্ট হয়, বিষ্ণুপুরাণে পদলালিত্য ও দৃঢ়বন্ধ বিদ্যমান আছে; রামায়ণের সুন্দরাকাণ্ডেও পদলালিত্য রহিয়াছে। শ্রীমদ্ভগবদ্গীতাতে ত দৃঢ়বন্ধ ও পদলালিত্য উভয়ই বর্ত্তমান। হে দুর্বুদ্ধে! এই সকল গ্রন্থকেও নবীন বলনা কেন, বলিতে পার কি? ফলতঃ ছান্দোগ্যাদির ন্যায় শ্রীমদ্ভাগবতেরও দৃঢ়বন্ধাদি স্বতঃসিদ্ধ, অতএব ইহাতে শঙ্কার কোনও কারণ নাই। আর এক কথা—অন্য নামে গ্রন্থ প্রচার ধনলোভ অথবা মহাবন্ধুত্ব-হিসাবে দেখা যায়; এই উভয়ই ব্যাস হইতে বোপদেবের থাকিতে পারে না, অতএব ব্যাসনামে তাঁহার রচনা হইতে পারে না, পরন্তু নিজবাক্য আর্ষ বলিয়া প্রচার করত লোক-বঞ্চনা করিলে মিথ্যাভাষী হওত নিজকে পাতিত করিতে হয় এবং মহাপাপী হইতে হয়, এই প্রকার গর্হিত আচরণ কি বোপদেবের ন্যায় মহাজন করিতে পারেন?

(৩) শ্রীমদ্ভাগবত বোপদেব-রচিত কিছুতেই হইতে পারেনা—তাহাই প্রতিপাদন করিতেছেন—যদি এই ভাগবত বোপদেব-রচিতই হয়, তবে তাঁহার পূর্ব্বে জাত হনূমান্ প্রভৃতি ভাগবতের টীকা রচনা করিলেন কি প্রকারে? শ্রীরামপার্ষদ হনূমান (?) ও চিৎসুখাচার্য্য শ্রীমদ্ভাগবতের ব্যাখ্যা করিয়াছেন। শ্রীমধ্বমুনি নিজভাষ্যে ভাগবতবাক্য উদ্ধার করিয়াছেন এবং ভাগবত-তাৎপর্য্যও রচনা করিয়াছেন। ঐ তাৎপর্য্যেরও আবার 'প্রবোধনী' টীকা আছে। শ্রীমদ্ভাগবতে বর্ণিত মৃদ্ভক্ষণ ও বস্ত্রহরণ লীলার বর্ণনা করিয়া গোবিন্দাষ্টকে (২, ৫ শ্লোকে) শঙ্করাচার্য্যও ঐ ভাগবতেরই ব্যাখ্যা করিয়াছেন বলিতে হয়। শ্রীমধ্বমুনি ও শঙ্করাচার্য্য প্রায় সমসাময়িক বলিয়া প্রসিদ্ধ আছে (?)। শঙ্করাচার্য্যের দুইশত বৎসর পরে বোপদেব আবির্ভূত হইয়াছেন—এই কথাই শ্রীরামাশ্রম প্রভৃতি লিখিয়াছেন। যদি হনূমান্ প্রভৃতি ঐ গ্রন্থের ব্যাখ্যানাদি

করিয়া থাকিবেন, তবে তখন ত বোপদেবের জন্মও হয় নাই; অতএব শ্রীভাগবত বোপদেব-রচিত বলিলে ভ্রান্তবুদ্ধিরই পরিচয় দেওয়া হয়।

(৪) বোপদেবের জন্মের বহু পূর্ব্বে হনূমান্, চিৎসুখাচার্য্য প্রভৃতি শ্রীভাগবতের ব্যাখ্যা করিলে এই ভাগবত নবীন বোপদেব-কৃত নহে—ইহাই প্রতিপাদিত হইল এবং সঙ্গে সঙ্গে ঐ পাপী বামমার্গবর্ত্তিগণ-কৃত অন্যান্য আশঙ্কাও পরিহৃত হইল; কাজেই মাৎস্যাদিতে প্রোক্ত লক্ষণাদি দেখিয়া বোপদেব এই ভাগবত রচনা করিয়াছেন এবং ইহার দৃঢ়বন্ধাদিও তাহারই প্রতীতি করায়, অতএব মাৎস্যাদিতে উক্ত লক্ষণাদি-বিশিষ্ট মার্কণ্ডেয়াদির তুল্য শিথিলবন্ধসংব্যাপ্ত ভাগবতই শ্রীব্যাসকৃত অন্য গ্রন্থ—ইত্যাদি শঙ্কা অতি তুচ্ছ—যেহেতু এই ভাগবত ব্যতীত অন্য ভাগবতের উপলব্ধি হয় নাই—যদি থাকিত, তবে তাহা লোকলোচনের পথেই থাকিত; যেমন মার্কণ্ডেয়পুরাণাদি বর্ত্তমান দেখা যায়, তদ্রূপ অন্য ভাগবত ত দেখা যায় না; কাজেই ইহা হইতে অন্য ভাগবতের অস্তিত্ব নাই বলিয়া এই সম্প্রতি প্রচলিত শ্রীব্যাসকৃত ভাগবতই অষ্টাদশ পুরাণান্তর্গত বলিয়া প্রসিদ্ধ। অপর কথা—মার্কণ্ডেয়াদি পুরাণ ও মাৎস্য-পুরাণোক্ত লক্ষণাদি দর্শন করিয়া কোনও সুমেধা ব্যক্তি রচনা করিয়াছেন, এই কথাও ত দুর্ম্মুখ তুমি বলিতে পার। তাহা হইলে তুমি সকল পুরাণকেই বিনাশ করিলে হে! অতএব বলি—আর পণ্ডিতগণের হাস্যাস্পদ হইও না।

ইতি শ্রীমদ্ভাগবতের অনার্ষত্ববাদনিরাস নামক ষষ্ঠ প্রভা ॥ ৬ ॥

সপ্তম প্রভা

(১) কেহ কেহ এইরূপ বলিয়া থাকেন—ভাল, এই শুকপ্রোক্ত গ্রন্থই শ্রীমদ্ভাগবত মানিলাম, কিন্তু তাহাতে দশমস্কন্ধের ১২শ. ১৩শ ও ১৪শ অধ্যায়ত্রয়ে অঘাসুর-বধাদি ব্রহ্মমোহন, বিবর্ত্তবর্ণনা এবং বাল্য-পৌগণ্ড লীলার সঙ্গতি বর্ণনা থাকায় ও অন্তে শ্রীমদ্ভাগবতার্থ-সূচন-সম্পর্কে এই অধ্যায় তিনটীর উল্লেখ না থাকায় ঐ তিনটী প্রক্ষিপ্তই বলিয়া অনুমিত হয়। তাহাতে ব্রহ্মার মোহ ও বিবর্ত্তবর্ণনা যথা অঘবিমোচন ও সখাগণের সহিত একত্র ভোজনলীলা দর্শন করিয়া শ্রীকৃষ্ণের ঈশ্বরত্বে সন্দিহান ব্রহ্মা মোহিত হইলেন; কিন্তু ব্রহ্মার ত মোহ সম্ভবপর নহে, যেহেতু ভগবান্ তাঁহাকে বর দিয়াছেন—"তুমি কল্পে বিকল্পেও বিমোহ প্রাপ্ত হইবে না।" ব্রহ্মাও বলিয়াছেন—"ওহে! আমার বাক্য কদাপি মিথ্যা হইবে না, আমার মনও কদাচ মিথ্যা ভ্রমে পতিত হয় না; আমার ইন্দ্রিয়সমূহও কখনও অসৎপথে ধাবিত হয় না, যেহেতু আমার উৎকণ্ঠাযুক্ত হৃদয়ে হরি বদ্ধ হইয়াছেন।" "আত্মরূপে পরিজ্ঞাত না হইলে অজ্ঞান বশতঃ সমুদায় প্রপঞ্চ প্রকাশ প্রায় এবং জ্ঞান হইলেই তাহা আবার বিলীন হয়"; ইত্যাদি বচনে রজ্জুসর্পন্যায়ে প্রপঞ্চের ব্রহ্মবিবর্ত্তবাদই বর্ণিত হইয়াছে, কিন্তু তাহা ত বৈষ্ণব-সিদ্ধান্তবিরোধী। "এইভাবে কুমারবয়সোচিত পলায়ন, সেতুবন্ধ ও মর্কটবৎ লম্ফনাদি বিবিধ বিহার করিয়া কৌমারকাল ব্রজে অতিবাহিত করিলেন।" এই শ্লোকটি একাদশ অধ্যায়ের অন্ত্য পদ্য; কৌমারলীলা সমাপনান্তে পঞ্চদশাধ্যায়ের আদিতে বর্ণনা আছে, "অতঃপর পৌগণ্ডবয়ঃসম্পন্ন শ্রীকৃষ্ণবলরাম ব্রজে পশুপালকরূপে লীলা করিয়াছেন" ইত্যাদি পৌগণ্ডলীলা বর্ণনা। এইরূপে দেখা যায় যে এই উভয় লীলাই সমকালে বর্ণনা করা হইয়াছে এবং শেষে

শ্রীভাগবতের অর্থসূচন সময়েও এই তিনটী অধ্যায় উল্লিখিত হয় নাই ; অতএব নিশ্চয়ই কোনও ব্যক্তি ঐ তিনটী অধ্যায় ইহাতে প্রক্ষেপ করিয়া থাকিবে।

(২) এক্ষণে এই আশঙ্কার **পরিহার** করিতেছেন—হে মহাবুদ্ধে ! (সোপহাস সম্বোধন !) তৃতীয় স্কন্ধেও ব্রহ্মমোহের উল্লেখ আছে ; ভগবান্ ব্রহ্মাকে যে বর দিয়াছেন বলিতেছ, তাহার অর্থও শুন—"কল্প-সমূহে যে বিকল্প অর্থাৎ সৃষ্টি, তাহাতে বৈষম্যাদি দোষসমুদয় দেখিয়া তুমি মোহিত হইবে না," কিন্তু এই অর্থ নহে যে "আমার মায়াতেও তুমি মোহিত হইবে না।" আরও দেখ—বলদেব ও শিব, যাঁহারা ব্রহ্মা হইতে উচ্চকোটিতে বিরাজিত, তাঁহারাও ভগবানের মায়ায় মোহিত হইয়াছেন ; কাজেই উক্ত শ্লোকে "কখনও তুমি মোহিত হইবে না"—একথা ত বলা হয় নাই। এইভাবে ব্রহ্মার নিজকৃত অবস্থা-বর্ণনারও অর্থসঙ্গতি করিতে হইবে। তাহাই যদি না হয়, তবে তৃতীয়স্কন্ধে সরস্বতী কর্ত্তৃক ঈশ্বরত্বাভিমান-পরিহার-সূচক তাঁহার মোহ বর্ণনা এবং একাদশে "ছায়া সমান আভাস দ্বারা" ইত্যাদি বিবর্ত্ত-বর্ণনাও প্রক্ষিপ্ত হইয়া পড়ে যদি বল যে তোমাদের বিবর্ত্ত-বর্ণনের কি সঙ্গতি (উদ্দেশ্য) আছে, তাহা বলিতেছি—বিবর্ত্তবর্ণন বৈরাগ্য-প্রতিপাদক অর্থাৎ অবিষয়ে ভ্রমের সম্ভাবনা দূর করে।

(৩) পুনশ্চ ঘোরতর আশঙ্কা এই যে একাদশাধ্যায়ের শেষ পদ্য এবং পঞ্চদশাধ্যায়ের আদি পদ্যের দ্বারা লীলাদ্বয়ের সঙ্গতি-লাভে তন্মধ্যবর্ত্তী অধ্যায়ত্রয় প্রক্ষিপ্তই বলিতে হইবে। ইহার **সমাধান** করিতেছেন—কৌমারী লীলা সমাধা করিয়াও ঐ অঘাসুরবধাদি লীলার পূর্ব্বানুবৃত্তত্ব ও আশ্চর্য্যকরত্ব জানিয়া পরীক্ষিত মহারাজ-কর্ত্তৃক প্রার্থিত শুকদেব স্মরণপথে আনিয়া ঐ সব লীলা বর্ণনা করাতে কিছুই দোষ হয় নাই ; সার কথা এই—এস্থানে অঘাসুরবধাদি লীলা অসঙ্গত নহে,

যেহেতু ইহারাও কৌমারলীলারপরবর্ত্তী এবং পৌগণ্ডলীলা বর্ণনা না করিয়াই ইহর বর্ণনা হইয়াছে। আর পুনরুক্তি বলিয়া অসঙ্গত হইয়াছে— এই কথাও বলিতে পার না ; যেহেতু পূর্ব্বে ঐ লীলাগুলি উল্লিখিত হয় নাই। আর "কৌমারলীলা সমাপন করিয়াও" এই উক্তিও শঙ্কার কারণ হইতে পারে না। যেহেতু শ্রোতার প্রিয়তম বিচিত্র স্মৃতিপথে আরূঢ় সেই লীলা বর্ণনায় সমাপনের পর বলা হইয়াছে বলিয়া দোষও নিরস্ত হইল। নিরস্ত হইল যদি বল "ঐ লীলা যে শ্রোতার প্রিয়তম, তাহা কি প্রকারে জানা যায়?" তাহার উত্তর শুন— ঐ গ্রন্থের ১০/৭/৩ শ্লোকে আছে "তুমি কৃষ্ণের অন্যান্য অদ্ভুত বাল্যচরিতও বর্ণনা কর" ইত্যাদি পরীক্ষিতের উক্তিই তাহার প্রমাণ।

(৪) দ্বাদশস্কন্ধে শ্রীমদ্ভাগবতের অনুক্রমণিকায় এই লীলার সূচনা না থাকায় এই তিনটী অধ্যায় প্রক্ষিপ্ত হউক– এই আপত্তির খণ্ডন করিতেছেন। গোপীগীতে বিষজল হইতে এবং ব্যালরাক্ষসাদি হইতে তুমি উদ্ধার করিয়াছ— এই শ্লোকের ব্যালরাক্ষস বলিতে অঘাসুরই নির্দিষ্ট হইয়াছে। তৃতীয়স্কন্ধের 'যন্ন ব্রজন্ত্যঘভিদো' অর্থাৎ "যে সকল ব্যক্তি অঘনাশন ভগবানের বিশ্বরচনাদি লীলানুবাদ হইতে বিরত হইয়া অর্থকামাদি বিষয়ের মতিনাশিকা কুকথা শ্রবণ করে"— এই শ্লোকেও ঐ অঘাসুরের বধের জন্য শ্রীভগবানের নামোল্লেখ আছে। ব্রহ্মাণ্ডে, পাদ্মোত্তরখণ্ডেও এই লীলা প্রসিদ্ধই আছে। সর্পালয় এবং চতুর্মুখনামক লীলাস্থলদ্বয়ও এখন পর্যন্ত বিখ্যাতই আছে। কাজেই এই লীলাগুলিকে প্রক্ষিপ্ত বলিতে পারা যায় না। আপনি ব্যতীত অন্যান্য টীকাকারগণ মূল বলিয়াই স্বীকার করিয়া উঁহাদের ব্যাখ্যাদি করিয়াছেন। অন্ত্যভাগে অসূচনমাত্রেই যদি পূর্বোক্ত লীলাত্রয়ের প্রক্ষিপ্তত্ব দোষ বলা সঙ্গত হয়, তবে সপ্তম ও একাদশ স্কন্ধস্থ বর্ণাশ্রমাচার এবং নিমিজায়ন্তেয়

কথাদিরও অসূচন হইয়াছে বলিয়া তাহারাও প্রক্ষিপ্ততাদোষে দুষ্ট হউক। এইরূপে অন্যান্য কথাদিরও অবস্থা অনুসন্ধেয়। কাজেই পূর্ব্ব শ্লোকে ইহাকে 'মহাবুদ্ধে' বলিয়া সম্বোধন করা হইয়াছে। ইহা উপহাস-ব্যঞ্জক সম্বোধন। তাৎপর্য্য এই যে শ্রীভগবানের অসাধারণ ঐশ্বর্য্য, ব্রজ ও তদ্ভক্তদের মহিমাতিশয্য বর্ণনা করিতে প্রবৃত্ত হইয়া আপনি অধ্যায়ত্রয়কে প্রক্ষিপ্ত বলায় আপনাকে মহা অবুদ্ধি বলাই যথার্থ হইয়াছে। বল্লভাচার্য্যও স্বকৃত পুরুষোত্তম-সহস্রনামে ঐ অধ্যায়তিনটীর অর্থ লইয়া নামসমূহ রচনা করিয়াছেন। অতএব ইহাই প্রকাশ্যভাবে বলা হইতেছে যে, ভাগবতে ৩৩৫ অধ্যায়ই আছে। এক্ষণে শ্রীধরস্বামির বচন হইতে আশঙ্কা ধরিতেছেন, তিনি বলিয়াছেন "এই ভাগবতের দ্বাত্রিংশৎ ত্রিশত শাখা আছে।" আপাত প্রতীয়মান অর্থে ৩৩২ শাখা বলিলে ভ্রম হইবে, কেননা তিনি অধ্যায়-সংখ্যা ও শ্লোকসহিত সমগ্র গ্রন্থেরই টীকা করিয়াছেন এবং এই অর্থ করিলে ব্যাকরণানুযায়ী পদ হইবে "দ্বাত্রিংশৎ ত্রিশতী"; কাজেই উহার সমাস-বাক্য করিতে হইবে—"বত্রিশ, তিন ও তিনশত অর্থাৎ ৩৩৫", দ্বন্দ্বসমাসে ক্লীবলিঙ্গ ও একবচন হইল। 'শতানি' এই পদের বহুবচন কপিঞ্জলালম্ভন ন্যায়ে * তিন সংখ্যাতে পর্য্যবসিত হইবে, নতুবা অনবস্থা দোষ হইবে।

ইতি পঞ্চশিখিগুণবাদ বা বিজয়ধ্বজীয় গুণবাদ-নিরাস নামক সপ্তমী প্রভা।

---

* 'বসন্তে কপিঞ্জলানালভেত' অর্থাৎ 'বসন্তকালে কপিঞ্জল-নামক ক্ষুদ্র পক্ষিগণ দ্বারা যজ্ঞ করিবে' এই উক্তিতে কপিঞ্জলের সংখ্যা নির্দেশ না হওয়ার বিচার্য্য এই যে তিনটী কি ততোধিক পক্ষীরই প্রয়োজন হইবে। তখন সিদ্ধান্ত হইল এই যে তিনটী পক্ষীতেই কার্য্য হইবে। যথা ন্যায়মালাবিস্তরে—

(১) এক্ষণে দুর্ব্বুদ্ধিগণ-কর্ত্তৃক সমর্পিত শঙ্কারূপ পঙ্কাদি দূরীভূত করিয়া বেদ এবং তাহার সার-স্বরূপ শ্রীমদ্ভাগবতের উৎকর্ষ বর্ণনা করিতেছেন। সজ্জনগণ-কর্ত্তৃক প্রশংসিত হইয়া করিরাজ বিরাজমান হইলেও যদি কুক্কুরগুলি বিকট চীৎকার করে, তাহাতে ঐ হস্তিবরের কোনও ক্ষতি হয় হয় কি ?

(২) নিজ শ্রমের সফলতা বর্ণন করিতেছেন—বেদে ও ভাগবতে রুচিসম্পন্ন জনগণের ঐ ঐ গ্রন্থে যদিও কোনও প্রকার সন্দেহ নাই, তথাপি এই সিদ্ধান্তদর্পণোক্ত যুক্তিপ্রমাণাদি জ্ঞাত না থাকায় দুর্ম্মুখগণের কদর্য্যভাষায় খিন্ন হইতে পারেন; কাজেই ইহার তাৎপর্য্য অবধারণ করিয়া তাঁহারা যদি সুখ পান, তবে আমার সকল শ্রমই সার্থক হয়।

(৩) এই গ্রন্থে প্রবর্ত্তকের নাম প্রকাশ করিয়া স্বনির্মাণত্ব-দোষ খণ্ডন করিতেছেন শ্রীবিষ্ণু-কর্ত্তৃক প্রেরিত ও প্রাচীন মহাজনদিগের যুক্তিধারাদ্বারা নিবদ্ধ এই সিদ্ধান্ত-দর্পণ নামক গ্রন্থখানি বৈষ্ণবগণের প্রীতি সম্পাদন করুক। পক্ষান্তরে-নিজমিত্র পরম ভাগবত শ্রীনাথ নামক বিপ্রবর-কর্ত্তৃক প্রেরিত হইয়া এই গ্রন্থখানি প্রাচীন মহাপুরুষদের যুক্তি-নিচয়ে গ্রথিত হইয়াছে; অতএব প্রার্থনা যেন এই সিদ্ধান্তদর্পণ বৈষ্ণবগণের প্রীতিবর্দ্ধন করিতে পারে।

(৪) গ্রন্থের সজ্জনগণ-কর্ত্তৃক বাঞ্ছনীয়ত্ব বলিয়া গ্রন্থকারের নিজনাম প্রকাশ করিতেছেন—উত্তমোত্তম যুক্তিরূপ ভূষণসমূহ দ্বারা অলঙ্কৃত, **বিদ্যাভূষণ**-নির্ম্মিত হর্ষবিধায়ক এই সিদ্ধান্ত-দর্পণে সাধুসজ্জনদিগের বাঞ্ছা হউক।

ইতি শ্রীসিদ্ধান্ত-দর্পণ সমাপ্ত



"কপিঞ্জলেষু ত্রিত্বাখ্যা ঐচ্ছিকাস্ত্রিত্বমেব বা।
আদ্যো বহুত্বসাম্যান্ন ত্রিত্বেনৈব কৃতত্বতঃ ॥"